# DEPARTMENT OF POLITICAL SCIENCE

## A PROFILE

*"The method of political science is the interpretation of life; its instrument is insight, a nice understanding of subtle, unformulated condition."* - Woodrow Wilson

## A BRIEF HISTORY OF THE DEPARTMENT :

Since its beginning in 1962, the department of Political Science has been one of the most active and dynamic department of the institution. Initially only "Pass Course" (presently called 'General Course') was offered. The full-fledged "Honours Course" was started in 1973. After a 60 years long journey, the present department achieved its own separate room for the teachers with its own library and equipped with one computer and having sufficient space for reading and counselling for students.

## ACADEMIC ACTIVITIES :

All the teachers always play a vital and significant role towards the upliftment and advancement of the department. Department always empahasizes academic activities like the fellowship every year on a regular basis.

## DEPARTMENT CONDUCTS :

Class tests on regular basis.
Quiz Session' (subject related) for 1st year (Hons.), 2nd year (Hons.) and 3rd year (Hons.).
Yearly Wall Magazine "Anwesha" is published regularly.
Group Discussion'
Organize 'Seminar Talk' for 3rd year Honours students.

## EXTRA-CURRICULAR ACTIVITIES :

The department participates in different 'Inter College Competitions', such as Youth Parliament and Quiz Session regularly.
Soumen Karmakar achieved First Position at District Level Youth Parliament Extempore Speech Competition held on 16.01.17 conducted by Dept. of Parliamentary Affairs. Govt. of West Bengal and also got cash rewards.
Suraj Saw and Indrajit Nandi achieved 2nd position at District Level Youth Parliament Quiz on Character Building held on 24.08.17 conducted by the Department of

Parliamentary Affairs, Govt. of West Bengal.
The departmental students always take part in various "Inter College Competitions" like different games and sports, music, drawing, recitation, debate, drama, extempore etc.
Department organizes its "Educational Tour" with students, teachers and staff on regular basis. The department organised Educational Tour at New Delhi & Agra on January, 2018.

## UNIQUE FEATURES OF THE DEPARTMENT :

Maintaining a very good teacher-student relationship.
Holding departmental meeting frequently.
Taking additional classes as per student's demand and requirement.
Monitoring each and every departmental activity through computer.
Having a good placement record of its ex-students.

## FUTURE PLANS OF THE DEPARTMENT :

In order to maintain its quality, department is likely to arrange seminar talks by invited guest speakers regularly.
The department is very much interested to enrich its own library by increasing number of books significantly.
The department is willing to arrange educational tour in Parliament House and other places of interest in New Delhi in every year.
The department is keenly interested to organize state / national level seminars in collaboration with any other related department of this college or of any other college in near future.
The department has a plan to make the students aware of sufficient computer knowledge and to get them in touch with the recent trends and developments of the world and thereby preparing them for different competitive examinations.

## PRESENT TEACHERS OF THE DEPARTMENT

1. Smt. Sonali Majumdar, Associate Professor
2. Sri Santu Bhaluk, Assistant Professor
3. Sri Rekha Mondal, Assistant Professor
4. Sri. Sujit Panja, Assistant Professor
5. Smt. Mahua Saha, State Aided College Teacher

Principal along with the Students

Students of the Department during Educational Excursion infront of the Legislative Assembly

Teachers' Day Celebration of Political Science Department

Students attending Class
in the Department

Teaching-Learning is going
on in Smart Classroom

Professors of the
Sanskrit Department

# DEPARTMENT OF SANSKRIT

## BRIEF HISTORY OF THE DEPARTMENT :

The department started its journey from the date when the college was established. At present the department runs with four full-time teachers and two State Aided College Teachers. The teachers of the department are always sincere to complete the syllabus in due time.

## ACADEMIC ACTIVITIES :

Teaching-learning is not just confined to regular class room teaching based on 'Chalk and Talk' method. Students are concouraged to learn on their own and express themselves freely by making them engaged in such activities as Group Discussion, Quiz, Subject-based seminar by the students themselves. Sometimes, seminar by external speakers also arranged in order to widen the frontier of knowledge to the students. The department has a separate library of its own. It is quipped with as many as 500 books. The students can borrow books from here as well as the 'central library' of the college.

## CO-CURRICULAR ACTIVITIES :

Students publish a wall magazine named "KISHALAY" in which they get the opportunity of expressing their original thoughts and feelings in terms of creative writing. They participate in sports and games as well as in the cultural competitions organized by the college and institutions outside both at the University and State level. Their involvement in NCC and NSS Programmes is also remarkable. It is also notable that every year they organize a colourful Teachers' Day to pay respect to their teachers.

## UNIQUE FEATURE OF THE DEPARTMENT :

1. Cordial teacher-student relationship.
2. Holding departmental meeting frequently.
3. To enrich knowledge in the subject, various types of books are purchased throughout the year.

## FUTURE PLAN :

1. To organize a national level seminar.
2. Organise Spoken Sanskrit classes in future.
3. In order to maintain its quality department is likely to arrange departmental seminar inviting guest speakers at regular interval.

## PRESENT TEACHERS OF THE DEPARTMENT

1. Smt. Purbasha Ghosh, Assistant Professor
2. Sri Hemanta Kumar Santra, Assistant Professor
3. Dr. Sujit Paramanik, Assistant Professor
4. Rahim Mandal, Assistant Professor
5. Smt. Madhumita Shil, State Aided College Teacher
6. Dr. Ritabrata Goswami, State Aided College Teacher

# DEPARTMENT OF PLANT PROTECTION

## BRIEF HISTORY OF THE DEPARTENT :

Department of Plant-Protection at the degree level was started in the academic session 1986-1987 under the approval & financial assistance of UGC and Burdwan University with only twenty (20) students. With the increasing demand of education and due to the ever growing scientific agricultural practice, now the number of students in the department has grown remarkably. Students who passed at Degree level with Plant Protection since 1988 are able to get involved in better scientific agricultural practice which results in the increase of better crop and vegetable production of our locality as well as our country.

## ACADEMIC ACTIVITIES :

Quiz
Group discussion
Seminar etc. are organized regularly.

## RECENT ACHIEVEMENT :

Soil testing equipments have been installed and testing has been started.

## PRESENT TEACHERS OF THE DEPARTMENT

1. Dr. Karam Chand Hembrom, Assistant Professor
2. Sri Pradip Kumar Adhya, Graduate Laboratory Instructor

# DEPARTMENT OF SANTALI

Year of establishment : 2008 (as General Course)
Year of Introduction of Honours Course : 2009

## ACADEMIC ACTIVITIES :

1. Class room teaching
2. Seminar by students
3. Seminar by teachers
4. Group discussion
5. Quiz sessions.

## EXTRA-CURRICULAR ACTIVITIES :

1. Students attend in annual sports and games, NCC and NSS
2. Students annual cultural competitions on Santali

## UNIQUE FEATURE OF THE DEPARTMENT :

1. Rich Departmental Library with as many as two hundred books.
2. Very cordial Teacher-Student relationship.
3. Satisfactory results at University examinations.

## FUTURE PLAN :

1. To popularise the Santali subject.
2. To prepare the students for future life.

## PRESENT TEACHERS OF THE DEPARTMENT

1. Sri Jahangir Kabir Mondal, Assistant Professor
2. Sri Kunjo Das Murmu, State Aided College Teacher
3. Sri Saheb Ram Saren, State Aided College Teacher
4. Sri Swarup Chand Murmu, State Aided College Teacher
5. Sri Biren Mandi, State Aided College Teacher

Professors of the
Santali Department

Professors of the
Santali Department along
with the Students

Students of the
Department with the
traditional musical
Instrument perform-
ing in the college

Netaji Birth Day Celebration

Happy Moment with the Students

Present Meets Past - Reunion Programme of the Zoology Department

# DEPARTMENT OF ZOOLOGY

## BRIEF HISTORY :

The faculty of Bio-Science was introduced in the college in 1948 at the Intermediate level. Three year degree course was introduced in 1971. The faculty was glorified with the introduction of Honours course in 1983. Since then the department has been progressing towards perfection.

## ACADEMIC ACTIVITIES :

There are two laboratories - for Honours and General students, one seminar library having 200 books mostly of recent as well as foreign edition. One reading room is provided for the students, where they can utilize their off time to enrich their depth of knowledge. We have so many sophisticated instruments, microphones, binoculars etc. to get the learners acquainted with such modern technologies. At present computers are being vividly used to explain the study materials to the students. Evaluations are done regularly by the department. Personal counselling is done for each and every learner. Remedial measures are taken by the teachers. Tutorial Classes are taken to make up their drawbacks in slack session. To enrich their personality group discussion are made and to enhance their sharpness and fluency in speaking, seminars are conducted, to improve their knowledge subject based quiz is arranged on regular basis. Educational excursion is a compulsion for the learners as per syllabus of the University and norms of UGC to make the students conversant with different types of animal and their natural environment. Project work has to be done by each student to make him or her prepared for his future research activities.

## EXTRA-CURRICULAR ACTIVITIES :

Some students are engaged in NSS and perform different functions under NSS programmes. They celebrate various departmental functions on many occasions.

## UNIQUE FEATURE OF THE DEPARTMENT :

In addition to regular study, the department brings out a wall magazine "Pearl Oyster". The wall magazine is usually published on 5th September (Teachers' Day) regularly since 2004. The departmental museum consists of numerous non-chordate

and chordate specimens as proof of evolutionary process that is going on in our planet is notable that on 06.12.2017, the department organised a seminar on "Mosquito Born Diseases and Control" the speakers being Professor Gautam Chandra, Ph.D., D. Sc., dept. of Zoology, B. U. and Dr. Manojit Mukherjee, M.D, eminent physician of Arambagh.

## FUTURE PLAN :

The department is very eager to extend all kinds of facilities concerning practical as well as theoretical studies at the graduation level to the students in the days ahead. The department is also keen to set up modern research laboratory for the students as well as for the faculty members. Department of Zoology is also interested to upgrade the Seminar Library.

## PRESENT TEACHERS OF THE DEPARTMENT

1. Dr. Ujjwal Malik, Assistant Professor
2. Dr. Avijit Mukherjee, Assistant Professor
3. Dr. Pradip Mondal, Assistant Professor
4. Smt. Koyel Bisoi, Assistant Professor
5. Smt. Payel Bose, State Aided College Teacher

# CENTRAL LIBRARY

Netaji Mahavidyalaya Central Library also follows the objective of its institute which has the aim of developing the students' knowledge and to make them good and disciplined citizens of the nation. The library plays an important role in guiding the students in selecting their reference books and study material.

The Central Library was established in 1950 with only 290 books donated by some persons. Since then it serves academic and professional needs of the teaching and student communities and it also serves demads of local needy students.

Starting with a meagre number of 290 books, presently it has grown in to a house of nearly 51,000 (fifty one thousands) books, 38 periodicals and journals and 7 daily newpapers.

Apart from all these printed books, the college proudly announces the addition of 3,900 e-journals and 72,000 e-books by subscribing INFLIBNET-NLIST program.

## Library Staff :

1. Dr. Basudeb Adhikary 2. Sri Sanjay Karak

## A. REFERENCE SECTION AND READING ROOM :

This section had seven collections.

1. **Vidyanidhi Collection :**
   The collection is mainly on arts and culture of India

2. **Netaji Collection :**
   The collection is specifically on Netaji Subhas Chandra Bose

3. **Old and rare book Collection :**
   The collection contains old and rare books on various disciplines.

4. **Dr. Kamal Krishna Ghose Collection :**
   The collection was donated in the memory of Late Kamal Krishna Ghose, Ex-HOD, Department of Business Management, University of

Calcutta. The collection is rich in Sociology, Psychology and Business Administration. It has above 3,000 books and are mostly of researchical nature.

5. **Prof. Ambuj Bose Collection :**
   The collection was donated in memory of Prof. Ambuj Bose, Ex-Prof. of Bengali, Netaji Mahavidyalaya and eminent Academician.

6. **Reference Collection :**
   The collection has Encyclopedias, Dictionaries and collected works of renowned authors. The library can now boast of some prestigious collections like Dr. B. R. Ambedkar collection in 21 volumes, Collected works of Mahatma Gandhi in 100 volumes etc.

7. **General books Collection (for reading purpose only) :**
   The Reference and reading section provides students with nearly 12,000 books on diferent subjects for reference and reading purpose only. Apart from books, 35 periodicals and 7 major dailies are kept for satisfying current information need of the library users.

This section remains open 6 days (Monday-Saturday) from 10.00 AM- 4.00 PM

## B. LENDING SECTION

In this section, teachers as well as students can browse over the books and select them for taking home. Users can also browse through the computerized catalogue for searching books. Books are issued from 15 days and can be renewed for another 15 days. This section is kept open for 6 days (Monday - Saturday) 10 AM - 4 PM. Books can be returned on all days, but books are issued to the students from Monday to Friday.

## REPROGRAPHIC FACILITIES :

In the library a SHARPAR - 5520D copier-cum-scanner is recently installed. Students and college staffs who want some important portion of library books or

journal to get xeroxed or scanned in digital platform, can easily do it from the library Xerox machine on chargeable basis. It is important to note that only library related documents are xeroxed or scanned from the library.

**Library Bulletins :**

* To make users aware of the new arrival of books in the library, the Central Library is issuing a "New Arrivals" bulletin. There is a provision for new book display on the first floor of the Central Library.

**Library Activities :**

* To make new students aware of the optimum use of library, user orientation programme is also organized every year in small batches in the library reading room.

Apart from the printed documents, the college subscribes INFLIBNET-NLIST program, for which all members can access 72,000 e-books from any location by providing user ID and Password. Students are requested to contact with the Central Library for getting the user ID and password.

## DAILY NEWPAPERS :

1. Ananda Bazar Patrika
2. The Telegraph
3. The Times of India
4. Sangbad Partidin
5. Bartaman Patrika
6. Aajkal
7. The Statesman

To make the students acquainted with the employment opportunity in various sections and to help them prepare for various competitive examination, the library plays a vital role by subscribing various employment related newspapers and competitive magazines. These are as follows :

1. The Employment News
2. All India appoinment Gazette.
3. Karmakshetra
4. Karmasansthan
5. Competition Success & Review
6. Competition Affairs
7. Competition Master
8. Safalya

## Local History Collection Museum :

The college is interested in preserving the heritage of the local area. The college established a local history collection museum in 2nd floor of the library building. It has more than 200 manuscripts there. Interested students are people of the locality may visit and contibute to the museum during the college hours.

## Career Counselling Cell :

The college firmly believes that its responsibility does not end with a student securing a degree. Out of this belief, the college established a Career Counselling Cell. The Cell is functioning in the college library under the convenorship of Dr. Basudeb Adhikary to inform the students about various career as well as academic opportunities after their graduation.

The cell organises regular classes by experienced faculties of the college, seminars in partnership with various organisations like Bengal Institute of Business Studies, Pathfinder, George School of Competitive Examinations and also conducts need based counselling of students. Tata consultancy Services organise a 100 hour training programme under its Affirmative Action Prgoramme in the college. They have selected more than 300 students from the participants for their BPO segment in previous years.

# National Caded Corps

The department of N.C.C. of this college started its journey in 1962 under the leadership of professor Nishit Bhakat Chaudhury, the then teacher of the Chemistry department. It must be remembered here that since 1963, N.C.C. became compulsory for each male student. Under the circumstances, two other teachers viz. Prof. Brajesh Chandra Das (History) and Prof. Dulal Chandra Mal (Political Science) went to get training for commander of N.C.C. In the meantime Prof. Nishit Bhakat Choudhury and Prof. Brajesh Chandra Das were engaged in other essential works. Naturally the total responsibility of three N.C.C. companies were carried out by only Professor Dulal Chandra Mal. It maybe mentioned here that there were two firing ranges during 1960 and 1970. This condition continued sometimes before the time of N.C.C. commander Professor Debaprasad Sinha.

Prof. Debaprosad Sinha was the caretaker of this section under 4 Bengal Battalion N.C.C, Burdwan. This Battalion is under BURDWAN GROUP. In 1982 Mr. Sinha went to Officer Training School at Kamptee and was Commissioned as 2/Lt. Mr. Sinha acted as a Captain in N.C.C in this college under Company No.7 From the very beginning of the N.C.C department of our institution.

It is a matter of glory that many good cadets of N.C.C department have passed Certificate B & C Examination and they have also engaged in various important post in Army, Police etc. Many cadets attended Republic day parade at Delhi. Two of them awarded by the Governor's Medal. Every year our cadets attend different types of camps like RD, CATC, TSC, Rock Climbing, Trekking, Army Attachment, NIC, ALC, etc.

For attending camps, cadets of this institution may visit different important cities and come in contact with different of people of this country and it helps them in increasing their knowledge. From 1981-2002 the Senior Division cadets only could join this scheme, but from 2003 The Senior Wings Girls are also joining this scheme. Major Sinha retried from NCC Department on 01st August 2012. Prof. Santu Bhaluk has been joined as caretaker on 11th August 2012 after that he complete his NCC OTQ training on 22nd December'2013 to 21st March 2014. Now his rank is Lieutenant. NCC has adeopted community development activities like importance of self help, need to protect the Environment, Adult education, Tree plantation ,Blood donation ,Anti dowry rally ,Anti female infanticide pledge, visit to old age homes , Disaster management & relief.

# জাতীয় সেবা প্রকল্প (NSS)

জাতীয় সেবামূলক কর্মসূচী নেতাজী মহাবিদ্যালয়ের অন্যতম প্রধান অঙ্গ। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এন.এস.এস.-এর অন্তর্ভুক্ত হওয়ার সময় থেকেই আমাদের এই শাখা আমাদের মহাবিদ্যালয়ের অন্তর্ভুক্ত হয়েছে। তৎকালীন সময়ে বিশিষ্ট অধ্যাপকমণ্ডলী এই মহাবিদ্যালয়ের জাতীয় সেবা প্রকল্পের দায়িত্বভার সাফল্যের সঙ্গে পালন করেছেন। বর্তমানে অধ্যাপক হেমন্ত সাঁতরা, ড. ধীমান কর এবং শ্রী সঞ্জয় কারক মহাশয়গণ এই জাতীয় সেবা প্রকল্পের তিনটি শাখার দায়িত্বভার যত্নের সঙ্গে পালন করছেন। এই জাতীয় যোজনার মাধ্যমে আমরা সারা বৎসর ধরে বিভিন্ন কর্মসূচীর আয়োজন করে থাকি। যেমন - স্বামীজীর জন্মদিন পালন, নেতাজীর জন্মদিবস পালন, বৃক্ষরোপণ কর্মসূচী, জঙ্গল ও কলেজ সাফাই অভিযান, হাসপাতাল সাফাই অভিযান, ডেঙ্গু অভিযান, এন. এস. এস. ডে পালন, এইডস্ ডে পালন, রক্তদান শিবির, যোগা দিবস, বাৎসরিক ক্যাম্প, সেফ ড্রাইভ সেভ লাইভ অভিযান। এছাড়া আরও সামাজিক সেবার মাধ্যমে আমরা এই কর্মসূচীকে এগিয়ে নিয়ে চলেছি, পরবর্তীকালে আমাদের এই জাতীয় সেবা যোজনা আরও সেবামূলক কাজের মাধ্যমে মহাবিদ্যালয়ের জনপ্রিয়তা বৃদ্ধি করবে - এই আশা রাখি।

## Indira Gandhi National open University

Named after the former prime minister of India Mrs. Indira Gandhi, the university was established in the year 1985 according to the 'IGNOU act, 1985' enacted by The Parliament of India. Arambagh is a municipal town in the westernmost part of the district Hooghly in West Bengal. It is a place of renown for its heritage, education and culture. The institution, Netaji Mahavidyalaya serves the educational needs of the local community since 1948. The dignitaries of the regional center of IGNOU, Kolkata, visited our institution to review the infrastructural facilities for establishing a study center. Being highly satisfied with facilities available, they decided to open a study center in the college in the year 1997 to facilitate the academic need of the people of this pre-dominantly agrarian subdivision who, for some obvious reasons could not avail the benefit of regular higher education. Presently, the following courses are being run by the center: BA and MA in English, History, Political Science, Public Administration, Sociology, Economics; M.Com, B.C.A, M.C.A; BA and B. Com (General); Bachelor of Tourism Studies; Post Graduate Diploma course in Disaster Management and Rural Development; Diploma course in Translation Studies and Tourism Studies; Certificate course in Rural Development, Tourism Studies, Food and Nutrition, Nutrition and Child Care Guidence. A large number of our teachers are actively engaged in the teaching, learning and evaluation activities as academic counsellors. The center saw the light of the day under the co-ordinatorship of Dr. Tarun Kumar Ghatak. The next co-ordinator was Dr. Paramartha Ghosh. Presently the legacy of co-ordinatorship is being carried forward by Dr. Biswanath Garai, Vice Principal of the Netaji Mahavidyalaya. The study centre benefited not only the general students of the locality but also the local administrative officers in attaining higher degree which enables them to achieve higher position in their career. Presently near about 250 students are enrolled with the study centre. The college authority is trying to fulfil the academic needs of the locality through opening up new courses and overcoming the language barrier.

# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
## নেতাজী মহাবিদ্যালয় স্টাডি সেন্টার (C-06)

১৯৯৭ সাল। বীর সৈনিক নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মশতবর্ষে ওনার পবিত্র স্মৃতিকে উৎসর্গীকৃত করার জন্য তৎকালীন মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু নেতাজী সুভাষচন্দ্র বসুর নামে একটি মুক্ত বিশ্ববিদ্যালয় চালুর কথা ঘোষণা করেন, এবং ১৯৯৮ সালের জুলাই মাস থেকে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় তার কার্যকলাপ শুরু করে।

এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের মুল লক্ষ্য হল সুবিধা বঞ্চিত গোষ্ঠীর উচ্চাকাঙ্ক্ষী শিক্ষার্থীদের কাছে উচ্চশিক্ষার দ্বার খুলে দেওয়া। সেই উদ্দেশ্যে প্রাথমিক পর্যায়ে কলা ও বাণিজ্য বিষয়ে স্নাতক-সাম্মানিক স্তরে শিক্ষা গ্রহণের সুযোগ করে দেওয়ার জন্য এই বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩১টি স্টাডি সেন্টার বা পাঠকেন্দ্র চালু করা হয়। নেতাজী মহাবিদ্যালয়ের তৎকালীন অধ্যক্ষ অধুনা প্রয়াত শ্রী বিজয়কৃষ্ণ ঘোষ মহাশয়ের বিশেষ উদ্যোগে আমাদের কলেজ এই ৩১টি স্টাডি সেন্টারের মধ্যে অন্তর্ভুক্ত হয়। আমাদের কলেজের স্টাডি সেন্টারটির নাম 'নেতাজী মহাবিদ্যালয় স্টাডি সেন্টার (C-06)'।

এই স্টাডি সেন্টারের প্রথম কো-অর্ডিনেটর হিসাবে দায়িত্ব গ্রহণ করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৎকালীন অধ্যাপক ড. প্রণব কুমার দালাল মহাশয়। উনি ১৯৯৮ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত এই সেন্টারের কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন। তখন এই স্টাডি সেন্টারের মাধ্যমে ৩-৪টি বিষয়ে অনার্স পড়ানো হত। পরবর্তীকালে ২০০১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত এই স্টাডি সেন্টারের কো-অর্ডিনেটরের দায়িত্বভার গ্রহণ করেন গণিত বিভাগের তৎকালীন অধ্যাপক ড. হরেকৃষ্ণ সামন্ত মহাশয় এবং সহ কো-অর্ডিনেটর হিসাবে দায়িত্ব গ্রহণ করেন যথাক্রমে বাংলা ও গণিত বিভাগের অধ্যাপক প্রদীপ কুমার পাল ও ড. বিশ্বনাথ গরাই মহাশয়। সেই সময় থেকে এই স্টাডি সেন্টারের মাধ্যমে বাংলা, ইংরাজি, ইতিহাস, ভূগোল, গণিত ও রসায়ন বিভাগে স্নাতক কোর্স পড়ানো শুরু হয়। এছাড়াও এখানে বাংলা, ইংরাজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, গণিত, কমার্স ইত্যাদি বিষয়ে স্নাতকোত্তর কোর্স করার সুযোগ রয়েছে।

২০১৫ সাল থেকে এই স্টাডি সেন্টারের কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করে চলেছেন বাণিজ্য বিভাগের অধ্যাপক ড. তিলকনাথ ঘোষ মহাশয় এবং দু'জন সহ কো-অর্ডিনেটর হিসাবে দায়িত্ব পালন করছেন যথাক্রমে বাংলা বিভাগের অধ্যাপক প্রদীপ কুমার পাল এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. কৃশানু সরকার। এই স্টাডি সেন্টারের পঠন-পাঠনের দায়িত্ব গ্রহণ করে চলেছেন আমাদের কলেজ এবং পার্শ্ববর্তী কলেজের অনেক দক্ষ ও অভিজ্ঞ অধ্যাপক-অধ্যাপিকা।

এই স্টাডি সেন্টারের অন্যান্য সহকর্মীরা হলেন শ্রী বিবেকানন্দ সরকার, শ্রী নিরঞ্জন মালিক, শ্রী বিশ্বজিৎ লামা ও শ্রী শান্তিনাথ মালিক।

বর্তমানে এই স্টাডি সেন্টারের মাধ্যমে পূর্বে উল্লেখিত বিষয়গুলি ছাড়াও এডুকেশন বিষয়ে অনার্স, বেশ কয়েকটি বিষয়ে স্নাতকোত্তর কোর্স, লাইব্রেরি সায়েন্স-এর মতো প্রফেশনাল কোর্স এবং ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। এই স্টাডি সেন্টার থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি নিয়ে বহু ছাত্র-ছাত্রী স্কুল এবং কলেজে পড়াচ্ছেন। এছাড়া বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে আমাদের স্টাডি সেন্টারের বহু ছাত্র-ছাত্রী প্রতিষ্ঠিত। এরজন্য নেতাজী মহাবিদ্যালয় গর্বিত।

বর্তমানে আমাদের স্টাডি সেন্টারে স্নাতক ও স্নাতকোত্তর মিলিয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা তিন হাজারেরও বেশি। বর্তমানে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৬৪টি স্টাডি সেন্টার আছেএবং মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা পাঁচ লক্ষেরও বেশি।

বর্তমানে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় NAAC কর্তৃক A Grade স্বীকৃত বিশ্ববিদ্যালয়। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এরূপ একটি বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত থেকে সহযোদ্ধা হিসাবে কাজ করতে পেরে নেতাজী মহাবিদ্যালয় গর্বিত। আশাকরি এই স্টাডি সেন্টার আগামী দিনে উচ্চশিক্ষা প্রসারের ক্ষেত্রে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন স্টাডি সেন্টারগুলির মধ্যে অন্যতম একটি স্টাডি সেন্টার হিসাবে পরিগণিত হবে।

# স্মৃতি সততই সুখের
## হরিপ্রদাস মেদ্দা

যারপরনাই আনন্দিত হয়েছি ২০২২-এর ১লা আগষ্ট আরামবাগ 'নেতাজী মহাবিদ্যালয়'-এর পঁচাত্তর বছর পূর্তি উৎসবের সূচনায় আমন্ত্রিত হয়ে। বৎসরব্যাপী চলছে এই প্ল্যাটিনাম জয়ন্তী উৎসব। এই উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকায় বিভিন্ন জনের স্মৃতিচারণায় কলেজের সংক্ষিপ্ত ইতিহাস লিপিবদ্ধ।

ব্যক্তিগতভাবে আমি বিশেষভাবে গর্বিত এই কারণে যে, হয়তো জীবিত ব্যক্তিদের মধ্যে আমিই আরামবাগে একা যে পঁচাত্তরটি বৎসর এই মহাবিদ্যালয়ের সঙ্গে কোন না কোন ভাবে বিজড়িত। চোখের সামনে দেখেছি ক্ষুদ্র চারাগাছটি আজ বিশাল মহীরূহে পরিণত। যাঁদের অবদানে আজ এই পরিণতি - এই মুহূর্তে তাঁদের সবার কথা স্পষ্ট মনে পড়ছে। কলেজের প্রতিষ্ঠাতা শ্রদ্ধেয় ডাঃ রাধাকৃষ্ণ পাল সর্বাগ্রে স্মরণীয়। শুধু নেতাজী মহাবিদ্যালয়ই নয়, এই অঞ্চলের বহু শিক্ষা প্রতিষ্ঠানের উনি প্রতিষ্ঠাতা, পৃষ্ঠপোষক, শুভাকাঙ্খী। এমন শিক্ষাব্রতী, নেতাজী ঘনিষ্ঠ রাজনীতিক, সমাজসেবী, মানবপ্রেমিক মানুষ অধুনা দুর্লভ, বিরল। শুধু ওনার ভালোবাসার টানে প্রথম যুগে বিনা পারিশ্রমিকে ছাত্র দরদী, বিদ্যাবাগিশ কয়েকজন অধ্যাপক এসে হাল ধরেছিলেন মহাবিদ্যালয়ের। আমরা তখন হাতেগোনা মাত্র কয়েকজন ছাত্র। ছাত্রীদের বালাই নেই। ক্লাস হত দ্বারকেশ্বর নদীতীরে আঢ্যিদের বকুলতলার পাশে পোড়ো বাড়ির নীচের তলার তিনটে কামরায়। একটিতে আবার অফিস। স্থান সংকুলান না হলে, পিছনের গোয়ালের গরুগুলোকে সরিয়ে দিয়ে সেই খুঁটোয় আমাদের বেঁধে দেওয়া হত। আমরা সারকুড়োর গন্ধ গায়ে মেখে কলাপাতা চিবোতাম আর ছাদের দিকে ফ্যাল ফ্যাল নয়নে ভাইস প্রিন্সিপাল অনিলবাবুর (অনিলবরণ রায়) রোদ পোহানো দেখতাম।

অবশ্য কিছুদিন পরেই কলেজ স্থানান্তরিত হল আমতলায়। সেখানেও অদূরে খাটালের মতো একটা লম্বা টিনের ঘর। অনেকগুলো খোপ। একটায় থাকতেন অধ্যাপকেরা, গোটা দুই-তিন ক্লাসরুম, আর একটি ঘরে একটি অণুবীক্ষণ যন্ত্র আর কয়েকটা শিশি-বোতল নিয়ে বিখ্যাত ল্যাবরেটরি। লাইব্রেরি ইত্যাদির কোনও স্থান নেই। তখন অধ্যক্ষ গুরুদাসবাবু একাই একশো। সাহায্য করতেন অনিলবাবু, শৈলেনবাবু, পোদ্দার মশাই আরও দু-একজন কলকাতা ও বর্ধমান থেকে। আরামবাগ বয়েজ স্কুল থেকে প্রধান শিক্ষক নগেন চাটুজ্জে মশাই যেতেন মাঝে মাঝে 'প্যারাডাইস লস্ট' পড়াতে। বাংলার ক্লাসে সৌখিন, সংস্কৃতি প্রেমী পোদ্দার মশাই, আর বাকি সমস্ত পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিদ্যা এবং অঙ্কের সব ক্লাস সামলাতেন একা ভীম গুরুদাসবাবু।

আমার অবস্থা খুবই কাহিল। আজন্ম পিতৃহারা আমি। বাপেরবাড়ি ছেড়ে মামাবাড়ির আবদারে

* প্রাক্তন ছাত্র, শিল্পগুরু, আরামবাগ

লালিত-পালিত। বিধবা মায়ের অশ্রু মোছাতে আমাকে অবশ্যই ডাক্তার অথবা ইঞ্জিনিয়ার হতে হবে। তাই আমাকে ইন্টারমিডিয়েট সাইন্সে (I. S. C) ভর্তি করে দেওয়া হল ১৯৪৯ খ্রিস্টাব্দে। পড়াশোনায় মন বসল না। ফাঁকি দিতে লাগলাম - বাকি সময়টা ছবি আঁকা, কবিতা লেখা, নাটক করা, পত্রিকা প্রকাশ ইত্যাদিতে দিন যাপন করতে লাগলাম। বুঝলাম এইভাবে শিক্ষিত হয়ে ইঞ্জিনিয়ার হলে আমার তত্ত্বাবধানে নির্মিত রাস্তাঘাট, বাড়ি-ঘর-দুয়ার, ব্রিজ ইত্যাদি সব ধ্বসে পড়বে, আর ডাক্তার হলে আমার চিকিৎসায় একপাল রোগী অকালে প্রাণ হারাবে। তাই বর্ধমানে ফাইনাল পরীক্ষা দিতে গিয়ে পরীক্ষা শেষে সন্ধের ট্রেনে পালিয়ে গেলাম আমার স্বপ্নের শান্তিনিকেতনে।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে বিশ্বকবির শিক্ষাদর্শে অনুপ্রাণিত হয়ে, প্রাকৃতিক পরিবেশে পালিত হয়ে তপোবনের আবহাওয়ায় শিক্ষা ও সংস্কৃতির চর্চায় দীক্ষিত হলাম। কাছে পেলাম, সান্নিধ্য লাভ করলাম কত মহান ব্যক্তিদের। রবীন্দ্রনাথের পুত্র-কন্যা রথীদা, মীরাদি, ভাইঝি ইন্দিরা দেবী চৌধুরানী, ঋষিতুল্য হরিচরণ বন্দ্যোপাধ্যায়, নিত্যানন্দ গোস্বামী, সাহিত্য জগতের অশোক বিজয় সাহা, সুনীল সরকার, অন্নদাশঙ্কর রায়, সৈয়দ মুজতবা আলি, প্রমুখ। সঙ্গীত জগতের শান্তিদেব ঘোষ, কণিকা বন্দ্যোপাধ্যায়, সুচিত্রা মিত্র, নীলিমা সেন আর শিল্প বিভাগের শিল্পাচার্য নন্দলাল বসু আর ভাস্কর রামকিঙ্কর বেজ।

তাঁদের শিক্ষা, আদর্শ ও আশীর্বাদ ঝোলায় ভরে ঘরের ছেলে ঘরে ফিরে এলাম। ঘরের কাছেই আমার পুরোনো বিদ্যাপীঠে মাঝেমাঝে যাই। অনেক পরিবর্তন হয়েছে মহাবিদ্যালয়ের। তখন অধ্যক্ষ চিত্তবাবুর জমানা। দেখলাম অনেক উন্নতি হয়েছে কলেজের। ওনাদের আগ্রহে কলেজে আমার একটি চিত্রপ্রদর্শনী হল। অনেকেই অনুপ্রাণিত হল। কিছুদিন কয়েকজন ছাত্র-ছাত্রীও পেলাম। 'উৎসর্গ' নামে একটি সাহিত্য পত্রিকা বের হতো। আমারই আঁকা প্রচ্ছদ, ভিতরে আমার লেখা, আমার স্কেচ। ওইসময় খুব জাঁকজমকভাবে বাৎসরিক অনুষ্ঠান হতো। স্থানীয় শিল্পীরা ছাড়াও কলকাতা থেকে অনেক শিল্পীরা আসতেন। বনশ্রী, মানবেন্দ্র, পিন্টু ভট্টাচার্য, শিবাজী, সনৎ সিংহ, দ্বিজেন, উৎপলা, অমৃক সিং অরোরা প্রমুখ। একবার এসেছিলেন আকাশবাণীর সবার প্রিয় সংবাদ পাঠক দেবদুলাল বন্দ্যোপাধ্যায়।

কিন্তু কেন জানিনা এসবে আগ্রহ, উৎসাহের ঘাটতি দেখা গেল ক্রমশ। কলেজের সংসর্গ ছেড়ে, আরামবাগে শিল্প-সাহিত্য-সংস্কৃতি পরিষদ গঠন করেও খুব একটা জমাতে পারলাম না। অনেকেরই ধারণা এসব উচ্ছন্নে যাবার লক্ষণ।

আবার ঘর ছাড়লাম। বহির্বঙ্গে কর্মসূত্রে সারা ভারত চষে বেড়ালাম কয়েক বছর শিক্ষকতা ও অধ্যাপনা করে। মনে হল খুব স্বার্থপর হয়ে যাচ্ছি। ইচ্ছে হল দেশে ফিরে সর্বত্র ঘোষণা করি শিক্ষার সঙ্গে সংস্কৃতি চর্চা কতটা জরুরী এবং এটা না হলে মনের সামগ্রিক বিকাশ হয় না, প্রকৃত মানুষ হওয়া যায় না। আবার ফিরে

এলাম প্যাভিলিয়নে। মন-প্রাণ দিয়ে নিজেকে বিলিয়ে দিলাম রূপ-রস-গন্ধ ও স্পর্শের জগতে।

তখন কলেজের মধ্যযুগ। ভরা সংসার। আলাপ পরিচয় হল অনেক অধ্যাপক ও ছাত্র-ছাত্রীদের সঙ্গে। নানান অনুষ্ঠানে অংশ নিতে লাগলাম। পাশে পেলাম অম্বুজবাবু, দুলালবাবু, রমাপ্রসাদবাবু, রাধাগোবিন্দবাবু, পীযূষদা, ব্রজেশবাবু, সত্যব্রতবাবু, মুরারী মান্না, প্রণব দত্ত, রবিন আদক, সিতাংশুবাবু প্রমুখ - সবাই এক এক দিকের দিকপাল। মনে সাহস পেলাম, শক্তি পেলাম।

আরামবাগ তখন ভরাট, কলেজ তখন জমজমাট। ছাত্র-ছাত্রী বাড়তে লাগল, সুন্দর ঘর-বাড়ি, পরিচ্ছন্ন ক্লাস রুম, হোস্টেল, খেলার মাঠ, গাছপালার বাগান, ভরাট অফিস, ক্যান্টিন আরও কত কী! দেখবার মত হয়ে উঠল নেতাজী মহাবিদ্যালয়। এই দ্রুত সার্বিক উন্নতি অভাবনীয়। নিশ্চয়ই অনেকেরই শুভেচ্ছা ও সহযোগিতা কলেজটিকে এই চোখ ভোলানো অপরূপ রূপে রূপায়িত করেছে - তবুও বিশেষ এক ব্যক্তির বিশেষ দক্ষতা ও নৈপুণ্য ভোলার নয়। তিনি সদ্য প্রয়াত অধ্যক্ষ বিজয়কৃষ্ণ ঘোষ। দৃঢ় হস্তে, আত্মবিশ্বাসে তিনি হাল ধরেছিলেন এবং পালে ক্রমোন্নতির হাওয়া লাগিয়ে দিয়েছেন একথা অনস্বীকার্য।

তবে সর্বশেষ মহাবিদ্যালয়টি আজ যে বিশ্ববিদ্যালয়ের সাজে সজ্জিত হয়ে উঠেছে সেই গৌরবের একমাত্র অধিকারী বর্তমানের সার্থক অধ্যক্ষ অসীম কুমার দে। বিজয়বাবু একটা গাম্ভীর্যের বাতাবাতরণ তৈরি করেছিলেন, আর আজ অসীম সেথায় হার্দিক ভালোবাসার স্রোত বইয়ে দিয়েছে। অসীম আমার ভ্রাতৃসম। সব শুভ কাজে, সাংস্কৃতিক ক্রিয়া-কর্মে আমাকে পাশে পেতে চায়। আমিও গর্বিত। এই পঁচাত্তর বছর মহাবিদ্যালয়ের সুখ-দুখের ভাগীদার হিসাবে নিজেকে ধন্য মনে হয়।

ধন্যবাদ জানাচ্ছি আমার ভাই-এর মতো এখনকার অধ্যাপকদের, যারা অসীমের পাশে ছিল, এখনো আছে। তাদের মধ্যে প্রণব দালাল, পরমার্থ ঘোষ, উদয় নন্দী, গোপাল সিনহা, স্বপন লাহা প্রমুখদের মুখগুলোই বিশেষ করে আমার চোখে ভাসছে। সকলকে সঙ্গে নিয়ে অসীম ক্ষমতার অধিকারী 'অসীম' এগিয়ে চলেছে অসীম পরিপূর্ণতার দিকে। সবার পরশে পবিত্র তীর্থনীরে আমরা স্নাত হই - পবিত্র হই, সার্থক-সুন্দর হয়ে উঠি। আমাদের নেতাজী মহাবিদ্যালয় চিরসুন্দর আনন্দবাজার হয়ে বিরাজ করুক।

# নেতাজী মহাবিদ্যালয় ঃ স্মৃতির আলোকে
## ব্রজমোহন কুণ্ডু

কলেজের গৌরব, ইতিহাসের প্রধান অধ্যাপক ড. গোপালচন্দ্র সিন্‌হা মশায় ফোনে সবিনয় নিবেদন করলেন - কর্তৃপক্ষের ইচ্ছা, প্রাক্তন ছাত্র হিসাবে ৭৫ বছর পূর্তি উপলক্ষে কলেজ স্মরণিকায় প্রকাশের জন্য কলেজের জন্মলগ্নের ইতিহাস আমাকে আমার মনের মতো লিখতে হবে। আমি ব্যাকরণ রচনার লোক - আমি লিখবো ইতিহাস! তাই ইতিহাস নয়, কাহিনি-স্মৃতিচারণা করে যতটুকু মনে এলো পরিবেশন করলাম। বিস্মরণে কিছু ভুলত্রুটির আশঙ্কা করে এই বৃদ্ধবয়সের অক্ষমতাটুকু মার্জনা করবেন - আশা করি। ১৯৪৭-৪৮ সালের ঘটনা লিখতে বসেছি ২০২২ সালের শেষ লগ্নে - সঠিক কতখানি উদ্ধার হবে জানি না। মনে বড়ো ব্যথা জাগে - আজ পীযূষদা (গণিতশাস্ত্রের প্রধান অধ্যাপক), মুরারিবাবু (মান্না), বিজয়বাবু (প্রাক্তন অধ্যক্ষ) প্রমুখ থাকলে সকলের মন ভরিয়ে দিতেন মনন, ভাষণ ও রচনায়।

আরামবাগ হাইস্কুলে পড়ি - স্কুলে আসার সময় দেখি খদ্দরধারী প্রাণবান এক যুবাপুরুষ আমার কাকা গোবিন্দচন্দ্র কুণ্ডু মশায়ের দোকানে এসে হাসতে হাসতে প্রণত হয়ে বললেন - ‘‘গোবিন্দদা, আমি রাধাকেষ্ট পাল, তোমার বিরুদ্ধ দলের লোক। তবু তোমার কাছে এয়েছি। কালিপুরে কলেজ করবো - আশীর্বাদ করো। নদীর ধারে তোমার তিন পাঁজা ইট আছে, ঘর করতে হবে - তোমাকে এক পাঁজা দিতে হবে।” কাকা বললেন, ‘‘আরে বসো। কালিপুরে যদি কলেজ হয় আমি দেব।” ডাঃ পাল বললেন - ‘‘এখানের ছেলেমেয়েরা পান্তোভাত, মুড়ি খেয়েও কলেজে পড়তে পারবে – দূরে যেতে পারে না, পড়াই হয় না। অনেক খরচ, অনেকেই পারে না পড়াতে।” কাকা বললেন - ‘‘রাধাকেষ্ট, তুমিই পারবে। আর লোকে তোমাকে সাহায্যও করবে।”

একটু দাঁড়িয়ে সব শুনলাম। মন ভরে উঠল ওঁদের কথায়। অনাস্বাদিত আনন্দ। স্কুলে এসে বন্ধুদের জানাতেই আনন্দের বন্যা বয়ে গেলো। কিশোর মনে অঙ্কুরিত হল কাছের কলেজেই পড়ার বাসনা। আরামবাগের আকাশে-বাতাসে ধ্বনিত-প্রতিধ্বনিত হলো সেই বার্তা – রাধাকেষ্ট পাল কলেজ করবে।

আরামবাগ গান্ধী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় তখন বিশিষ্ট কংগ্রেস নেতা। তাঁর অনুগামী বলাইকৃষ্ণ রায়, দুর্গা চক্রবর্তী প্রমুখ আরামবাগ শহরে কলেজ করার উদ্যোগ নিলেন। শুনলাম - কলকাতার বিখ্যাত স্কটিশ চার্চ কলেজের পদার্থবিজ্ঞানের অধ্যাপক অপরেশ ভট্টাচার্য্য মশায় আরামবাগে এসে রাজা রামমোহন লাইব্রেরিতে মিটিং করে আরামবাগ শহরেই কলেজ করার ব্যবস্থা নেবেন বলেছেন। শুরু হলো কংগ্রেস নেতাদের উদ্যোগ - আর নেতাজীর অনুগামী ও স্নেহধন্য ডাঃ রাধাকৃষ্ণ পাল কালিপুরকেই প্রাধান্য দিলেন। নিঃসঙ্গ একাকী ডাঃ রাধাকৃষ্ণ পাল বনাম আরামবাগ কংগ্রেস - মহারণ শুরু হলো। আরামবাগ পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান

* প্রাক্তন ছাত্র

সত্যেন্দ্রনারায়ণ আঢ্য (প্রথিতযশা উকিল), পান্নালাল আঢ্য মহাশয় সপরিবার কালিপুরে আরামবাগ সদরঘাটের বিপরীতদিকে দ্বারকেশ্বর নদের পশ্চিমতীরে বকুলতলায় বসবাস করতেন। নিরুপদ্রব, নিশ্চিন্ত, সুখীজীবন ছিল তাঁদের। বর্তমান কলেজ সংলগ্ন এলাকায় মাননীয় শরৎচন্দ্র বাড়ুই, বিভূতি বাগ, ইন্দ্রনারায়ণ নন্দী প্রমুখ বসবাস করতেন। ওখানে আঢ্য, বাড়ুই, নন্দী, বল্লভ ও কুণ্ডুদের কিছু জমি-জায়গা ছিল - ডাঃ পাল যেমন করে হোক সংগ্রহ করলেন এবং ওখানেই কলেজ প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিলেন। অদম্য উৎসাহ ও উদ্দীপনা নিয়ে প্রাণপাত পরিশ্রম করে ডাঃ পাল জয়ী হলেন - সরকার কালিপুরেই কলেজের অনুমোদন দিলেন। ধন্য তাঁর প্রচেষ্টা - সফল তাঁর প্রয়াস।

কলেজের নিজস্ব ঘর নেই, কোথায় হবে কলেজ? গভীর চিন্তা - ঈশ্বর সহায় যাঁর - তাঁকে রুখবে কে? বৃদ্ধ সত্যেন্দ্রনারায়ণ আঢ্য মহাশয় কলেজের জন্য সপরিবার পান্নাবাবুসহ সকলকে নিয়ে নিজ গৃহ ত্যাগ করে আত্মীয় কালিপদ দত্ত মহাশয়ের আরামবাগের বাড়িতে আশ্রয় নিলেন। কী মানসিকতা, কত বড় আত্মত্যাগ - অবিশ্বাস্য। পরে কলেজের নিজস্ব ভবন তৈরি হলে আঢ্য পরিবার স্বগৃহে চলে আসেন।

কালিপুরে আঢ্যদের বকুলতলার বাড়িতে কলেজ চালু হলো। প্রবেশপথে কালীপদ বেজ মশায় অতি যত্নসহকারে "নেতাজী মহাবিদ্যালয়, আরামবাগ" ইত্যাদি লিখলেন। পীযূষদা (পাল) মনে হয় প্রথম ব্যাচের ছাত্র, প্রথম অধ্যক্ষ ভবানীচরণ গুহ। উনি বেশিদিন থাকেননি কলেজে।

সেই সময় আরামবাগ শহরে ডাঃ রাধাকৃষ্ণ পালের বহু অনুগামী ও শুভানুধ্যায়ী ছিলেন। গঙ্গাধর আঢ্য, অমর আঢ্য, রামপদ পাত্র, রাধামাধব কুণ্ডু, সত্যেন পাল, নন্দ ডাক্তারবাবু, শৈলেশ্বর পাল (প্রাক্তন পৌরপিতা), কালীপদ দত্ত, ষষ্ঠীচরণ দত্ত প্রমুখের নাম স্মরণে আসে। তাঁরাও ডাঃ পালকে অনেক সাহায্য করেছিলেন কলেজ প্রতিষ্ঠায়। ডাঃ পাল যেন আরামবাগের গর্ব, জনগণের নয়নের মণি। বলতে পারি, He was like a bright jem in a dark setting, তাই উনিও সগর্বে বলতে পারতেন - "আমি রতনপুরের চাষা, সতীশ পালের ব্যাটা।" রতন খাঁ, সত্যকিঙ্কর পাল, সুকুমার মুখোপাধ্যায়, মানস চট্টোপাধ্যায়, নিমাই কুণ্ডু, হরিপ্রসাদ মেদ্দা প্রমুখ আমরা ১৯৫০ ব্যাচের ছাত্র, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে নেতাজী মহাবিদ্যালয়ে ভর্তি হয়েছিলাম। আঢ্য পরিবারের গোশালা সংলগ্ন ঘরে পঠন-পাঠনের কাজ চলতো। মাটির চালাঘর, মেঝে অসমান, বেঞ্চ-হাইবেঞ্চ নড়তো, দক্ষিণদিক খোলা। তবু আমাদের কত আনন্দ - মন্দির মনে হতো শ্রেণীকক্ষকে। ছাত্র সংখ্যা অল্প - অধ্যাপক সংখ্যা আরও অল্প।

কিছুদিন পর কলেজের নিজস্ব লম্বা হলঘর নির্মিত হলো বর্তমান জায়গায়। কাদার গাঁথনি, সিমেন্টের প্লাস্টার, টিনের ছাউনি, রং করা চটের দেওয়াল দিয়ে বিভিন্ন বিষয়ের জন্য পৃথক কামরা তৈরি হলো। বর্তমান খেলার মাঠের পশ্চিমদিকে উত্তর-দক্ষিণে লম্বা হোস্টেল - মাটির ছিটেবেড়া ঘর, খড়ের ছাউনি - আমতলায়

পুব-পশ্চিমে লম্বা অফিসঘর, অধ্যক্ষ ও অধ্যাপক মহাশয়দের জন্য পৃথক দুটি ঘর। গভর্নিং বডিতে কারা ছিলেন সঠিক মনে নেই। তবে সভাপতি ছিলেন মাননীয় হরিশঙ্কর মুখোপাধ্যায় (বদনগঞ্জ - কলকাতাবাসী), ঘোষবাবু (নাম ভুলেছি - বাড়ি কেশবপুর - কলকাতাবাসী), সরোজ আঢ্য (আরামবাগ, কলকাতাবাসী), ডাঃ রাধাকৃষ্ণ পাল প্রমুখ কয়েকজন বিখ্যাত ব্যক্তি।

আমাদের সময়ের অধ্যক্ষ গুরুদাস সেন মশায়কে গৃহত্যাগী সন্ন্যাসী বলা চলে। সুললিত কণ্ঠে বাংলা পড়াতেন নন্দলাল প্রামাণিক, ইংরেজি পড়াতেন শৈলেন পোদ্দার মশায় আর রসায়ণ পড়াতেন শৈলেন ভট্টাচার্য্য মশায়। নন্দবাবু ও ভট্টাচার্যবাবু পরবর্তীকালে বেঙ্গাই কলেজে চলে যান। জীবনবিজ্ঞানের অধ্যাপক হেমন্তবাবু অনেক আগেই চলে গিয়েছিলেন। মাঝে কিছুদিন আরামবাগ হাই স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক প্রবীণ নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মশায় ইংরেজি পড়িয়েছিলেন। কলেজের একজন নিষ্ঠাবান কর্মীকে খুবই মনে পড়ে, উনি উড়িয়্যার লোক - শিবুদা। খুব মজার লোক, ভালো লোক, কলেজ-অন্ত প্রাণ। সকাল বিকেল, কলেজের আগে পরে কোনও ছাত্র গেলে অধ্যক্ষ মহাশয় লুঙ্গি-গেঞ্জি পরে আমতলায় মাটিতে বসে ইঁটের টুকরো দিয়ে মাটিতে ছবি এঁকে অঙ্ক বুঝিয়ে দিতেন - পদার্থবিদ্যার অধ্যাপক না থাকলে তাও পড়াতেন ক্লাসে। অপূর্ব, অবিশ্বাস্য পড়ানোর ধরণ। বিয়ে-থা করেননি, কলকাতার বিডন স্ট্রিটের বাসিন্দা হলেও এখানেই থাকতেন - ঘরছাড়া এক পথিক - শান্ত সমাহিত এক সন্ন্যাসী, সদাহাস্যময়। ডাঃ রাধাকৃষ্ণ পালের ভোট যুদ্ধেরও ক্লান্তিহীন সেন্যাধ্যক্ষ তিনি।

এইসব কাহিনি সত্তর বছরেরও আগের - স্মৃতির আলোয় সবকিছু উজ্জ্বল হয় না, আলো আঁধারে কিছু ভুলত্রুটি হতে পারে। বয়স তো কম হল না - এই বয়সে সব ভুলে যাওয়াই ভাল - শুধু স্মৃতিটুকু থাক।

অধ্যাপক গোপালবাবুর আবার তাগিদ - লেখাটা পাঠাবার জন্য। খসড়া করা ছিল - বয়সের দোষে, কাজের চাপে হারিয়ে ফেলেছি। নিজেকেই হারিয়ে ফেলেছি, আর লেখার খসড়া! তাই পুনরায় স্মৃতিচারণ। তবে নিজেরই মন ভরেনি এই লেখায়।

মাননীয় অধ্যক্ষ, অধ্যাপক, কর্মীবৃন্দ ও স্নেহভাজন ছাত্র-ছাত্রী সকলের যত্নে ও মমতায়, সরকারের আন্তরিকতায় ও অনুকম্পায়, প্রকল্প ও পরিকল্পনায় বিশেষ সমৃদ্ধ আজকের নেতাজী মহাবিদ্যালয়।

সবশেষে বলি - আমরা এখন অতীত- আপনারা বর্তমান, আপনারাই ভবিষ্যৎ। অতীতে কলেজের যে রূপ আমরা দেখেছি তার বর্ণনায় লজ্জা পেতে ও লজ্জা দিতে চাই না - সব সঠিক মনে আসেও না। আর আজকের নেতাজী মহাবিদ্যালয় – তীর্থক্ষেত্র, রূপলাবণ্যে ভরা, দৃষ্টিনন্দন, ধ্যানমগ্ন দেবভূমি, অপরূপ, অবিশ্বাস্য - প্রাক্তনীদের তাজমহল।

## স্মৃতির অ্যালবামে আরামবাগ নেতাজী মহাবিদ্যালয়ে আমার অধ্যয়নকাল

পঞ্চানন চক্রবর্তী

১৯৫৯ সাল। বালি হাইস্কুল থেকে প্রথম বিভাগে স্কুল ফাইনাল পরীক্ষায় পাস করি। সম্ভবত আমরাই স্কুল ফাইনাল পরীক্ষার প্রথম ছাত্র-ছাত্রী। তার আগে নাম ছিল ম্যাট্রিকুলেশন পরীক্ষা। আরামবাগ নেতাজী মহাবিদ্যালয়ে Intermediate Science (ISC)-এ ভর্তি হই। আমরা কয়েকজন ছাত্র গ্রাম থেকে সাইকেলে চেপে কলেজে আসতাম আরামবাগ - বন্দর রাস্তা ধরে। তখন রাস্তাটি পাকা হয়নি। বর্ষাকালে হেঁটে আসতাম। দ্বারকেশ্বর নদের উপরে সেতুটিও হয়নি। নদী পারাপারের জন্য কাঠের ব্রিজ ছিল। বর্ষাকালে নৌকার ব্যবস্থা ছিল। ওই বছর থেকেই কলাবিভাগে ডিগ্রি কোর্স শুরু হয়। আশেপাশের বিভিন্ন অঞ্চল থেকে ছাত্ররা ভর্তি হয়েছিল। যতদূর মনে পড়ে Intermediate Course-এ কোনো দিদি ছিল না। ডিগ্রি কোর্সে দুজন দিদি ভর্তি হয়েছিল। মীরাদিদি, রেণুকাদিদি।

কলেজের প্রবেশ পথে উত্তর থেকে দক্ষিণে পশ্চিমমুখী একতলা বিল্ডিং ছিল। ওই বিল্ডিং-এর পৃথক পৃথক রুমে ইন্টারমিডিয়েট ও বি. এ. কোর্সের ক্লাস হত। কিছুদূরে পশ্চিম প্রান্তে একটি দোতলা বিল্ডিং ছিল। সেই বিল্ডিং-এর উপরতলায় একটা অংশে অধ্যক্ষের চেম্বার অন্য অংশে স্টাফ রুম ছিল। নীচের তলায় ছিল অফিস। সত্যেনদা ছিলেন হেড ক্লার্ক। ওই অফিস বিল্ডিং-এর সামনে ছিল একটা বড়ো আমগাছ। অফিস বিল্ডিং-এর সংলগ্ন উত্তর দিকের জায়গায় একটা লম্বা করগেটের ছাউনি দেওয়া বিল্ডিং ছিল। এর এক অংশে ল্যাবরেটরি, তারপর অন্য দুই অংশে ক্লাস রুম ও ছাত্রাবাস ছিল। এর সামনে ছিল একটা জলাশয় - ছোট পুকুরের মতো। কলেজের অধ্যক্ষ ছিলেন মাননীয় অনিলবরণ দাস। অন্যান্য অধ্যাপকগণ ছিলেন কেমিস্ট্রির কালীপদ দত্ত, অঙ্কের পীযূষকান্তি পাল, পদার্থবিদ্যার গণেশচন্দ্র হাতুই, জীবনবিজ্ঞানের কমলকৃষ্ণ সরকার মহাশয়, ইংরাজি পড়াতেন রবীন ঘোষ এবং সত্যব্রত ভট্টাচার্য মহাশয়, বাংলার অধ্যাপক ছিলেন মাননীয় অম্বুজ বসু।

অনেক ছোটো ছোটো ঘটনা মনে পড়ে। কালীপদ দত্ত মহাশয় যখন ক্লাসে আসতেন তখন কোনো কোনো দিন পাঞ্জাবীর পকেট ভর্তি করে মটরশুঁটি আনতেন। পড়াতে পড়াতে তিনি পকেট থেকে মটরশুঁটি বের করে খেতেন, আর বলতেন - তোমরা মটরশুঁটি খাবে। প্রচুর Food Value আছে। উপদেশ দিতেন, তোমরা যখন পরীক্ষা দিতে আসবে মনে করবে দীঘি দেখতে যাচ্ছি। গণেশবাবু বলতেন - দেখ বাবু, Physics-এ ভালো নম্বর পেতে হলে মুখস্থ করতে হবে। এরপর যখন অধ্যাপনা করবে তখন বিষয়টা খুব ভালো ভাবে

* প্রাক্তন ছাত্র

বোঝার চেষ্টা করবে।

প্রথম বছরটা খুব ভালোভাবেই পড়াশোনা হয়েছে। কিন্তু দ্বিতীয় বছরে এক দুর্ভাগ্যজনক এবং অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। কলেজের Managing Committee-র সাথে Principal অনিলবাবুর সম্পর্ক ভালো ছিল না। Managing Committee-র সেক্রেটারি ছিলেন স্বর্গীয় রাধাকৃষ্ণ পাল মহাশয়। 'অধ্যক্ষ হঠাও' আন্দোলন চলতে থাকে। ছাত্র সংসদও সেই আন্দোলনে জড়িয়ে পড়ে। পড়াশোনার খুব ক্ষতি হয়। অধ্যক্ষ অনিলবাবু পদত্যাগ করতে বাধ্য হন।

ওই সময়ে ডিগ্রি কোর্সে যে সমস্ত ছাত্র ছিলেন তাঁদের মধ্যে শক্তি, সনৎ, সত্যেন, আকিঞ্চন ও রবিরঞ্জনদার কথা মনে পড়ে। ওনারা প্রত্যেকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ অলঙ্কৃত করেছেন। সদ্য প্রয়াত রবিরঞ্জন চট্টোপাধ্যায় বর্ধমান ইউনিভার্সিটির বাংলা বিভাগের বিভাগীয় প্রধান হয়েছিলেন। তিনি পরে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রীপদও অলঙ্কৃত করেছিলেন।

সমকালীন ইন্টারমিডিয়েট কোর্সের অধিকাংশ ছাত্র উচ্চতর ডিগ্রি অর্জন করে জীবনে সুপ্রতিষ্ঠিত হয়েছেন। তাঁদের মধ্যে সুচিকিৎসক হিসাবে ডাঃ নিমাই কুণ্ডু, ডাঃ কমল ঘোষ, ডাঃ পৃথীশ সরকার, ডাঃ সুধাংশু সামন্ত, ডাঃ শ্রীমন্ত পালের নাম উল্লেখ করা যেতে পারে। বন্ধুবর নিমাই মান্না রামমোহন কলেজের অঙ্কের অধ্যাপক হয়েছিলেন। আমি Comptroller and Auditor General of India (CAG)-এর অধীনে Accountant General, West Bengal Office হতে Senior Divisional & Accounts Officer পদে উন্নীত হই। পরে ২০০২ সালে আমারও কর্মজীবনের অবসান ঘটে। এই প্রসঙ্গে তৎকালীন অধ্যাপক শ্রদ্ধেয় দুলালচন্দ্র মাল মহাশয়ের নাম বিশেষ করে উল্লেখ করতে হয়। তিনি এখনও আগের মতো উদ্যোগী ও কর্মঠ আছেন। বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে তিনি উপস্থিত থাকেন। আরামবাগ সারদা বিদ্যাপীঠ (ICSC)-এর School Governing Body-র President পদে বহাল আছেন।

আরামবাগ নেতাজী মহাবিদ্যালয় ৭৫ বছর অতিক্রম করতে চলেছে। সেদিনকার সেই ছোট্ট চারাগাছটি আজ এক বিরাট মহীরূহতে পরিণত হয়েছে। আমাদের মতো প্রাক্তন ছাত্রদের কাছে এটা একটা বিরাট গর্ব। মহাবিদ্যালয়টি অদূর ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে পরিণত হোক - এটাই আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করি।

# পুরানো সেই দিনের কথা

সেখ হাসান ইমাম

ওই অদূরে তটিনী তীরে নেতাজী মহাবিদ্যালয়,
শহর সন্নিহিত, শান্ত সমাহিত, জাগায় অপার বিস্ময়।
বিশ শতকে ষাটের দশকে এসেছিনু অঞ্জলি পাতি
তপোবন-মাঝে ঋষিকুল'রাজে নিশীথে দীপের ভাতি।
কত যুগ ধরে, থরে-বিথরে স্মৃতি সে যে অগণন -
জাগে ক্ষণে ক্ষণে, তাই হৃষ্ট মনে, এই স্মৃতি রোমন্থন।

এই তো সেদিনের কথা। ফোনে কথা বলছিলেন নেতাজী মহাবিদ্যালয়ের ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান, বহু ইতিহাস গ্রন্থ প্রণেতা, সমাজসেবী, সংস্কৃতিপ্রেমী ড. গোপালচন্দ্র সিনহা। ''নেতাজী মহাবিদ্যালয়ে পড়েছিলেন?'' ''হ্যাঁ, পড়েছি তো''। ''কোন সময়ে যেন?'' ''ওই তো নাইনটিন ফিফ্‌টি নাইনে ইন্টার মিডিয়েট ক্লাসে ভর্তি হই, নাইনটিন সিক্সটি থ্রিতে গ্র্যাজুয়েশন কমপ্লিট করি।'' ''শুনুন, নেতাজী মহাবিদ্যালয় পঁচাত্তর বছরে পদার্পণ করল ২০২২ এর ১লা আগষ্ট। 'প্লাটিনাম জুবিলি' উৎসব উপলক্ষে একটি স্মরণিকা বের হবে। আপনার একটা লেখা চাই - স্মৃতিচারণা।'' ''আচ্ছা ঠিক আছে।'' ধন্যবাদ জানিয়ে ফোন রাখলাম। ছাত্রজীবন অর্থাৎ স্কুল-কলেজ জীবন মানুষের জীবনের এক অবিস্মরণীয় অধ্যায়। একজন নবীন শিক্ষার্থী ভবিষ্যৎ জীবনে মনুষ্যপদবাচ্য হবে, নাকি মনুষ্যেতর জীব হবে - তা নির্ধারিত হয়ে যায় ছাত্রজীবনেই। ছাত্রজীবনের সুখানুভূতি, দুঃখ-বেদনা, সাফল্য-ব্যর্থতা, স্নেহ-শ্রদ্ধা, ভালোলাগা-ভালবাসা, সম্পর্কের টানাপোড়েন - সব স্মৃতিই মনের মণিকোঠায় সারা জীবন উজ্জ্বল ও ভাস্বর হয়ে থাকে। একটু নাড়া খেলেই, একটু উত্তাপ পেলেই অন্তরবীণায় রিম্‌ঝিম্‌, রিম্‌ঝিম্‌, রিম্‌ঝিম্‌ ধ্বনি তুলবে, তাতে কোনও সন্দেহ নেই। আর তখনই মন গুনগুনিয়ে উঠবে,

''পুরানো সেই দিনের কথা ভুলবি কিরে হায় / ও সেই চোখের দেখা, প্রাণের কথা, সে কি ভোলা যায়।''

একথা না মেনে উপায় নেই যে, স্কুল-কলেজের স্মৃতিচারণা মোটেই সহজ ব্যাপার নয়। অতীত সোনালি ঠিকই, কিন্তু আমাদের মতো সাধারণের কাছে একান্তই সোনার হরিণ, হাতছানি দেয়, কিন্তু বাঁধতে গেলে (ভাষার বাঁধনে) ধরা দেয় না। আবার কখনো কিছু যদি বা ধরা-ছোঁয়ার মধ্যে আসে, তকে সার্থক বাণীরূপ দিয়ে সকলের উপভোগ্য করে তুলি তেমন সাধ্য কই! অথচ অনেক কৃতি মানুষ তাঁদের ছাত্রজীবনের, বাল্য-কৈশোর-যৌবনের তিক্ত-মধুর অভিজ্ঞতার কথা সুন্দর করে লিপিবদ্ধ করেছেন। গান্ধীজি তাঁর ''The

* প্রাক্তন ছাত্র

Story of my experiments with Truth" নামক আত্মজীবনীতে তাঁর ছাত্রজীবনের স্মৃতি রোমন্থন করেছেন যা আমাদের কাছে চিরন্তন শিক্ষার আকর। সেই যে সেই স্কুল ইন্সপেক্টরের সামনে Kettle শব্দের বানান ভুল লেখা, শিক্ষকের ইঙ্গিত সত্ত্বেও অন্যের শ্লেট দেখে তা নকল করতে না চাওয়া, সকলের মধ্যে একমাত্র তাঁরই নির্বোধ বনে যাওয়া এবং তৎসত্ত্বেও শিক্ষকমহাশয়ের প্রতি শ্রদ্ধা না হারানো - আমাদের মনে এক অনাবিল আবেগ সৃষ্টি করে। "Only I had been stupid" এবং "I had learnt to carry out the order of the elders, not to scan their action" - আমাদের আপ্লুত করে। ভাবি, আমাদের ছাত্র-ছাত্রীদেরও কি এই আদর্শে উদ্বুদ্ধ করা যায় না। বধির-অন্ধ মহিয়সী হেলেন কেলার তাঁর আত্মজীবনী "The story of my life" এর 'The Awakening' অধ্যায়ে তাঁর শিক্ষালাভ এবং সেইসঙ্গে তাঁর শিক্ষিকা Anne Sullivan-এর যে ছবি এঁকেছেন, তা এক কথায় অনবদ্য। তাঁর সেই উক্তি কি ভোলা যায়? "I am filled with wonder when I consider the immeasurable contrasts between the two lives it connects" বিশ্বকবি তাঁর জীবনস্মৃতিতে ছাত্রজীবনের কথা বিস্তারিতভাবে বর্ণনা করেছেন। তা অনবদ্য সাহিত্য হয়ে উঠেছে। দেশে স্কুলের পাঠ শেষ করে আরও শিক্ষার জন্য তিনি বিলেতে পৌঁছলেন। তাঁর কথায়, "তাই একদিন ব্রাইটনে একটি পাবলিক স্কুলে আমি ভর্তি হইলাম। ব্রাইটনের এই স্কুলের একটা জিনিস লক্ষ্য করিয়া আমি বিস্মিত হইয়াছিলাম - ছাত্ররা আমার সঙ্গে কিছুমাত্র রূঢ় ব্যবহার করে নাই। অনেক সময় তাহারা আমার পকেটের মধ্যে কমলালেবু, আপেল প্রভৃতি ফল গুঁজিয়া দিয়া পলাইয়া গিয়াছে। আমি বিদেশি বলিয়াই আমার প্রতি তাহাদের এইরূপ আচরণ - ইহাই আমার বিশ্বাস।" কেউ কেউ মনে করেন, রবীন্দ্রনাথ কয়েকটি স্কুলে পড়িয়াছিলেন, কলেজে পড়েন নাই। 'জীবনস্মৃতি' কিন্তু তা বলে না। "তাহার পর আমি যখন ডাক্তার স্কটের বাড়িতে থাকিয়া লন্ডন য়ুনিভার্সিটিতে পড়া আরম্ভ করিলাম, তখন কিছুদিন সেই মহিলাটির সঙ্গে দেখা-সাক্ষাৎ বন্ধ ছিল। অবশেষে একদিন একটি টেলিগ্রাম পাইলাম। টেলিগ্রাম যখন পাইলাম, তখন কলেজে যাইতেছি।" - জীবনস্মৃতি-পৃঃ ১০৩। নেতাজি সুভাষচন্দ্র বসুর জীবনে প্রোটেস্ট্যান্ট ইউরোপীয়ান স্কুল ও প্রেসিডেন্সী কলেজের ভূমিকা অভূতপূর্ব। তাঁর জীবনে ঐ স্কুলের প্রধান শিক্ষক বেণীমাধব দাসের ভূমিকা তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন। তিনি তাঁর আত্মজীবনীতে লিখেছেন ঃ "আমাদের কাছ থেকে বিদায় নেওয়ার পূর্বে তিনি আমার মনে একটা অস্পষ্ট নৈতিক মূল্যবোধ জাগ্রত করেছিলেন। আমি বুঝেছিলাম যে, মানুষের জীবনে অন্যান্য জিনিস অপেক্ষা নৈতিক মূল্যবোধই শ্রেষ্ঠ বলে বিবেচিত হওয়া উচিত।" প্রেসিডেন্সি কলেজে অনেক প্রথিতযশা অধ্যাপক ছিলেন, কিন্তু তাঁরা সুভাষচন্দ্রকে আকৃষ্ট করতে পারেননি। তিনি লিখেছেন, "কলেজে আমি পড়াশুনায় অবহেলা করতে শুরু করলাম। অধিকাংশ লেকচারই ছিল নীরস, আর অধ্যাপকরা ছিলেন তারও বেশি। সবচেয়ে বিরক্তিকর অঙ্কের অধ্যাপক।" যাইহোক, অধ্যাপক ওটেন সংক্রান্ত ঘটনায় সুভাষচন্দ্র

কলেজ থেকে বহিষ্কৃত হলেন। সেসব কাহিনী সকলেরই জানা। মোট কথা, ছাত্রজীবনের স্মৃতি সাধারণ বা অসাধারণ, সকলের জন্য সারাজীবন অম্লান থাকে।

১৯৫৯ সালে স্কুল ফাইনাল পাশ করে নেতাজি মহাবিদ্যালয়ে দু'বছরের Intermediate Sc. (I.Sc.) কোর্সে ভর্তি হই। অজ্ পাড়াগাঁ থেকে গো-বেচারা এক কিশোর সেদিন কলেজ-পড়ুয়া পরিচয়েই অভিভূত হয়েছিল, তা সে প্রতিষ্ঠানের পরিকাঠামো যতই সামান্য হোক না কেন। সত্যিই অতি সাধারণ কলেজ বিল্ডিং, দু'তলা বলতে কেবল নীচে যে অফিসরুম, তার উপরে একটি রুম প্রিন্সিপ্যাল স্যারের জন্য। প্রিন্সিপ্যাল স্যারের কথায় আমি এ. বি. দাস - অনিলবরণ দাস। ইন্টারমিডিয়েটে ইংরাজি কবিতা অংশে ছিল Thomas Gray-র বিখ্যাত কবিতা "Elegy Written in a Country Churchyard"। ইংরাজি পড়াতেন এস. বি. স্যার - সত্যব্রত ভট্টাচার্য, আর. জি. স্যার - রবীন্দ্রনাথ ঘোষ এবং এস. ডি. পি. স্যার - সুধীর কুমার দাস পাল। কয়েকদিন পরে শুনলাম প্রিন্সিপাল কেবলমাত্র 'এলিজি' কবিতাটি পড়াবেন। শুনেছি, স্যার ইতিহাসের অধ্যাপক। তাতে কি! পণ্ডিত মানুষেরা একাধিক বিষয় পড়াতেই পারেন। প্রথমদিন যখন ক্লাসে এলেন, আমাদের কাছে সে এক রোমাঞ্চকর ব্যাপার। সকলেই তটস্থ। এখনকার ছেলেমেয়েরা যতটা স্মার্ট-স্বপ্রতিভ, আমরা তা নই। আমরা অধিকাংশই পাড়া-গাঁ থেকে এসেছি। কী হয়, কী হয় অবস্থা! প্রিন্সিপাল স্যার এলেন, তাঁর চেহারা, পোশাক এবং কথাবার্তায় আমরা impressed। পড়ানো শুরু করলেন। ইংরাজির অন্য স্যারেরা আমাদের দুর্বলতা সম্পর্কে সচেতন, সেভাবেই পড়াতেন, আমরা 'ফলো' করতে পারতাম। কিন্তু স্যারের পড়ানোর স্টাইলে আমরা বুঝলাম যে, তিনি পড়াচ্ছেন তাঁর নিজের ভালোলাগার উন্মাদনায়, প্রাণের আবেগে। 'এলিজি'র মতো একটি কবিতা, যাতে নাটকীয়তার উপাদান আছে যথেষ্ট, তিনি বেছে নিয়েছেন এবং উপস্থাপনায় সেই নাটকীয়তা পুরোদস্তুর বজায় রেখেছেন। আমরা বিষয়বস্তুর খুব বেশি বুঝতে পারতাম না, তবে তাঁর সুন্দর চেহারা, উদাত্ত কণ্ঠস্বর, নাটকীয় ভাবভঙ্গি এবং accent সহ উচ্চারণ আমাদের বিস্ময়বিমূঢ় করে রাখত। আজও স্পষ্ট মনে আছে, 'এলিজি'র সেই সুবিখ্যাত স্তবকটি ঃ

"Full many a gem of purest ray serene
The dark unfathom'd the caves of ocean bear;
Full many a flower is born to blush unseen,
And waste its sweetness on the desert air."

তাঁর উদাত্ত কণ্ঠের নাটকীয়তায় মেঝে থেকে ছাদ পর্যন্ত একটা অদ্ভুতকম্পন সৃষ্টি হত। আমরা মন্ত্রমুগ্ধের মতো শুনতাম। তবে রেগুলার তাঁকে পাওয়া যেত না। হয়তো প্রশাসনিক কাজে ব্যস্ত থাকতেন। প্রায় এক বছর তিনি ক্লাস নিলেন, যদিও অনিয়মিতভাবে। আমরা উপভোগ করেছি, কিন্তু মূল বিষয় বিশেষ কিছু বুঝতে পারিনি।

একেবারে শেষের দিকে আর. জি স্যার একদিন ক্লাসে জিজ্ঞাসা করলেন, 'এলিজি' নিয়ে আমাদের কোন সমস্যা আছে কিনা। আমরা নিবেদন করলাম যে, অধ্যক্ষ মহোদয়ের ক্লাস আমাদের ভালো লেগেছে, তবে তিনি যদি পরীক্ষায় পাসের জন্য একটু পড়ান, তাহলে ভালো হয়। তিনি কয়েকটি ক্লাস নিলেন এবং আমাদের সমস্যার সমাধান হল।

বিজ্ঞান বিভাগের শিক্ষকদের মধ্যে পদার্থবিদ্যার গণেশচন্দ্র হাটুই, জীবনবিদ্যার কমলকৃষ্ণ সরকার এবং গণিতের পীযূষকান্তি পালের কথা মনে পড়ে। তখনও ছাত্র-শিক্ষক সম্পর্ক অনেকটা অনাবিল থাকার ফলে, এঁদের সঙ্গে আমাদের সকলেরই ব্যক্তিগত পরিচিতি গড়ে উঠেছিল। গণেশ হাটুই মহাশয় বেশ হাসিখুশি ভাবে পড়াতেন। যদিও তাঁর কণ্ঠস্বর খুব মধুর ছিল না। তাতে কোন অসুবিধা হয়নি, তাঁর আন্তরিকতায় আমরা মুগ্ধ ছিলাম, কঠিন বিষয় সহজ হয়ে যেত। জীববিজ্ঞান পড়াতেন কমলকৃষ্ণ সরকার মহাশয়। আপাত গম্ভীর মানুষটির সঙ্গে মেলামেশা করলেই বোঝা যেত, ওটা নিতান্তই আচ্ছাদন, ভিতরে আছে রসালো শাঁস। পড়াতেন দারুন। আমরা তখন সবে বাংলা-মিডিয়াম স্কুল থেকে কলেজে এসেছি, ইংরেজি লেকচার follow করতে কিছুটা অসুবিধে হতই। কেউ কেউ কিছু কিছু বাংলা বলে আমাদের অসুবিধা দূর করতেন। এমনকী ইংরাজির অধ্যাপকরাও বিশেষক্ষেত্রে দু-চারটে বাংলা কথা বলতেন। কমলবাবু কখনও একটাও বাংলা শব্দ বলতেন না। তবে তাঁর ইংরাজি এতটাই সহজ, সাবলীল ও স্বতঃস্ফূর্ত ছিল যে, মনোযোগী ছাত্রদের বুঝতে তেমন অসুবিধে হত না। খুব ভালো লাগত অঙ্কের অধ্যাপক পীযূষকান্তি পাল মহাশয়কে। প্রথম আকৃষ্ট হয়েছিলাম তাঁর গৌরকান্তি এবং সুন্দর, সুঠাম, স্বাস্থোজ্জ্বল, নায়কোচিত চেহারায়। তখন বীরপূজার বয়স। অঙ্ক-ভীতির জন্য আমি গণিত ছাড়া অর্থাৎ জীবন বিজ্ঞান কোর্স নিয়ে পড়ার জন্য ভর্তি হয়েছিলাম। কিন্তু পরে P. K. Pal স্যারের ক্লাস করার লোভে গণিত 4th Subject রূপে নিয়েছিলাম। তাঁর ক্লাস করেও আমার অঙ্কভীতি কাটেনি। তবে তাঁকে কাছ থেকে দেখে ও তাঁর পড়ানোর স্বতঃস্ফূর্ততায় তৃপ্ত হয়েছিলাম।

বি. এ. পড়ার সময় স্পেশাল English Class-এ আমরা তিনজন ছাত্র ছিলাম - আমি, বাসুদেব বসু (রাধানগর) ও গোপীনাথ কোলে (আরামবাগ)। সুধীর দাস পাল স্যার কলেজ হোস্টেলে থাকতেন। তিনজনকে তাঁর রুমে ডেকে নিতেন, সেখানেই ক্লাস হত। সত্যব্রত ভট্টাচার্য ও তাঁর স্ত্রী দর্শনের অধ্যাপিকা অনিন্দিতা চৌধুরী আরামবাগ গার্লস স্কুলের একটি কোয়ার্টাসে থাকতেন। তিনিও আমাদের অনেক ক্লাস বাসায় নিতেন। বাসুদেব কলেজ হোস্টেলে থাকত, সে এখানে প্রায়ই অনুপস্থিত থাকত। আর হ্যাঁ, গোপীদা। গোপীদা আমাদের চেয়ে বয়সে অনেক বড়, ভারি মজার মানুষ, humour ও wit-এর অদ্ভুত combination। মুখে হাসি লেগেই থাকত। সবারই ফেভ্রিট। তার wit ও humour-এর একটা উদাহরণ দিই। একদিন এস. বি. স্যারের কোয়ার্টাসে গেছি পড়ার জন্য, গোপীদাও এল। পড়াতে তার মন নেই, হাসি আর মস্করা।

স্যাররাও তাকে প্রশ্রয় দিতেন। হঠাৎ বলল, হাসান puzzle শব্দটার z (জেড্) গুলো যে ভাবে লেখে, তা পরীক্ষককে নির্ঘাৎ puzzle করে ছাড়বে। মাথা তুলে দেখি, গোপীদা বেশ মজা করে গোঁফ নাচিয়ে হাসছে। একটু বিব্রত হয়ে, স্যারের মুখের দিকে তাকালাম, সেখানেও মুচকি হাসি। বুঝলাম, আমার অসাক্ষাতে গোপীদা আলোচনা সেরেই রেখেছে। মান বাঁচাতে আমিও মুচকি হেসে সেই humour-এর শরীক হলাম।

বি. এ ক্লাসে দর্শন পড়াতেন অধ্যাপক সিতাংশু কুমার দত্ত মহাশয়। তাঁর পড়ানোর এক অপূর্ব কৌশল ছিল। তিনি কখনই ক্লাসে বই আনতেন না, ছাত্রদের বই খুলতেও বলতেন না। শুধু জিজ্ঞেস করে জানতেন, আগের ক্লাসে কী পড়া হয়েছিল। তারপর কঠিন বিষয়টি ঘরোয়াভাবে আলোচনা করে সকলের বোধগম্য করতেন। প্রশ্ন করার সুযোগ দিতেন। তাঁর 'বার্কলে', 'লক' এবং 'ট্যাবুলা র‍্যাসা' এখনও মনে আছে। আমি ব্যক্তিগতভাবে স্যারের সঙ্গে যোগাযোগ রাখতাম। সাহিত্য-সংস্কৃতির ক্ষেত্রে তাঁর পাণ্ডিত্য ও অবদান আমাকে মুগ্ধ করত। পরিশেষে তাই বলি - 'পুরানো সে দিনের কথা ভোলা নাহি যায়'।

# নেতাজী মহাবিদ্যালয় প্রসঙ্গে আমার কিছু কথা

শৈলেন সরকার

আমার দেশের বাড়ি গোঘাট থানার পূর্ব সীমান্তের শেষ গ্রাম বগাজল। এরপরই পৌরসভার কালিপুর। সেখানেই কালিপুর স্বামিজী হাইস্কুলে পড়াশোনা করে ১৯৬১ সালে স্কুল ফাইনাল উত্তীর্ণ হই। ওই বৎসরেই এক বৎসরের কোর্স ইউনিভার্সিটি এন্ট্রান্স কোর্সে নেতাজী মহাবিদ্যালয়ে ভর্তি হই। বলা বাহুল্য, আমার বাড়ির আর্থিক অবস্থা খারাপ হওয়ায় বিজ্ঞান বিভাগে ভর্তি না হয়ে বাণিজ্য বিভাগে ভর্তি হই। যদিও আমার থেকে কম নম্বর পাওয়া কালিপুর স্কুল থেকে পাশ করা বেশ কয়েকজন ছাত্র কালিপুর কলেজে বিজ্ঞান বিভাগে ভর্তি হয়ে ডাক্তার, ইঞ্জিনিয়ার হয়েছে। যদিও এই বাণিজ্য বিভাগে পড়ার ফল স্বরূপ ভবিষ্যৎ জীবনে অধ্যাপকের চাকুরি করি। এ প্রসঙ্গে বলি, কালিপুর নেতাজী মহাবিদ্যালয় না থাকলে আমার মতো গরীব ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার ক্ষেত্রে পড়াশোনা হত না। আমার বাড়ি থেকে আধ ঘন্টার পথ পায়ে হেঁটে কলেজে আসতাম। ঐ বৎসরেই ইউনিভার্সিটি এন্ট্রাস পরীক্ষায় ভালো রেজাল্ট করে বি. কম. ফার্স্ট ইয়ারে ভর্তি হই। ঐ বৎসর অর্থাৎ ১৯৬২ সালে রাত্রিকালীন বিভাগে বি কম পড়ানো শুরু হয়। আমরা কয়েকজন রাত্রিকালীন বিভাগে বি.কম-এর প্রথম ছাত্র ছিলাম। ইতিমধ্যে আমি আরামবাগ বয়েজ প্রাইমারি স্কুলে শিক্ষকতার চাকুরি পাই। চাকুরি করার সাথে সাথে রাত্রিকালীন বিভাগে বি. কম পড়তে থাকি। বলাবাহুল্য, নেতাজী মহাবিদ্যালয়ে রাত্রিকালীন বিভাগে বি. কম-এ আমার মত বেশ কয়েকজন ছাত্র দিনের বেলায় চাকুরি করে উচ্চশিক্ষা পেয়েছে। নেতাজী মহাবিদ্যালয় থাকার জন্য বাড়ি থেকে যাতায়াত করে বহু গরীব মেধাবী ছাত্র-ছাত্রী পড়াশোনা করে সরকারি চাকুরি, শিক্ষক, অধ্যাপক, অধ্যক্ষ, ডাক্তার, ইঞ্জিনিয়ার, উকিল, ব্যারিস্টার, ম্যাজিস্ট্রেট, সফল ব্যবসায়ী, সফল রাজনীতিবীদ হয়েছেন। আমি ১৯৬৫ সালে বি. কম পাশ করি এবং পরে বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণীতে এম. কম পাশ করে চাঁপাডাঙ্গা রবীন্দ্র মহাবিদ্যালয়ে অধ্যাপনার কাজ করি।

নেতাজী মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং সম্পাদক ডাঃ রাধাকৃষ্ণ পালের সাথে আমার ব্যক্তিগত সম্পর্ক ছিল। সেই সুবাদে উনি যখন কলেজে আসতেন আমি দেখা করতাম। উনি আমায় খুব স্নেহ করতেন। আমিও ওনাকে শ্রদ্ধা করতাম। এ প্রসঙ্গে একটা ঘটনার কথা উল্লেখ করি। যখন বি. কম ফার্স্ট ইয়ারে পড়ি, তখন দিবা ও রাত্রি বিভাগের অধ্যক্ষ ছিলেন চিত্তপ্রিয় রায়। বাণিজ্য বিভাগ নতুন খুলেছে। লাইব্রেরিতে বাণিজ্য বিভাগের বই খুবই কম। আমরা ছাত্ররা অধ্যক্ষকে বই কেনার কথা বলি। উনি কলেজের সম্পাদক ডাঃ রাধাকৃষ্ণ পালের সাথে আমাদের যোগাযোগ করিয়ে দেন। আমরা বই কেনা সহ আমাদের বিভিন্ন সমস্যা

* প্রাক্তন ছাত্র

নিয়ে ওনার সাথে কথা বলি। ডাঃ পাল আমাদের আবেদনে সাড়া দিয়ে সাতদিন পর ওনার সাথে কলকাতা যেতে বলেন। সঙ্গে প্রয়োজনীয় বই-এর তালিকা অধ্যক্ষের নিকট থেকে নিতে বলেন। আমি ডাঃ পালের গাড়িতে কলকাতা যাই এবং কলেজ স্ট্রীটের একটি বই-এর দোকানে বলে দেন তালিকার সমস্ত বই কলেজে পাঠিয়ে দিতে। যথারীতি এক সপ্তাহের মধ্যে বই-এর সমস্যা মিটে গেল। সেই সময় নেতাজী কলেজে ছাত্র-শিক্ষক-অধ্যক্ষ-সম্পাদকের মধ্যে খুবই সুসম্পর্ক ছিল। এই রকম সুসম্পর্ক ছিল বলেই কলেজের সমস্যা সহজেই মিটে যেত। কলেজের অধ্যক্ষ এবং সম্পাদকের দায়িত্ববোধ দেখে আমরা সকলেই অভিভূত হয়ে যাই। সে সময়ে কলেজে যে সমস্ত অধ্যাপক আমাদের পড়াতেন তাঁরা প্রায় সকলেই সুপণ্ডিত এবং ছাত্র দরদী ছিলেন। তাঁদের মধ্যে যাঁদের আমি অত্যন্ত শ্রদ্ধা করতাম তাঁরা হলেন, দর্শন শাস্ত্রের অধ্যাপক সিতাংশু দত্ত (আমি ইউনিভার্সিটি এন্ট্রান্স পড়ার সময় ওনার কাছে লজিক পড়েছিলাম), ইংরাজির রবীন্দ্রনাথ ঘোষ, বাংলার অম্বুজ বসু, রবীন আদক, নন্দলাল প্রামাণিক (আংশিক সময়ের অধ্যাপক), ইকনমিক্স-এর দীপক ব্যানার্জী, চিত্তপ্রিয় রায়, কমার্সের আদিত্য চ্যাটার্জী, ভবানী চট্টরাজ, সুধাংশু দত্ত (আংশিক সময়ের অধ্যাপক), অঙ্কের পীযূষকান্তি পাল।

আমাদের সময়ে কলেজের ছাত্র ইউনিয়ন দুটি গ্রুপে চলত - একটি গ্রুপ বলরাম ঘোষের গ্রুপ, অন্যটি আব্দুল মান্নানের গ্রুপ। আমি বলরাম ঘোষের গ্রুপ থেকে প্রতিনিধিত্ব করে ছাত্র ইউনিয়নের কোষাধ্যক্ষ হয়েছিলাম, জি. এস ছিলেন প্রয়াত ডাঃ মদন রায়। এবার আমি কলেজের বিভিন্ন সময়ের অধ্যক্ষদের সম্পর্কে আলোচনা করব। প্রথমে কলেজের অধ্যক্ষ ছিলেন ভবানীচরণ গুহ। তারপর একে একে গুরুদাস সেন, অনিলবরণ দাস, চিত্তপ্রিয় রায়। আমি যখন কলেজে পড়ি তখন অধ্যক্ষ ছিলেন চিত্তপ্রিয় রায়। উনি যথেষ্ট দক্ষ, ব্যক্তিত্বসম্পন্ন এবং ছাত্র দরদী ছিলেন। এর পরবর্তী সময়ে পরপর কয়েকজন ভারপ্রাপ্ত অধ্যক্ষ ছিলেন। এরপর আসেন পূর্ণসময়ের অধ্যক্ষ সনৎ ব্যানার্জী। তিনি স্থানীয় মানুষ ছিলেন। কিন্তু অল্প কিছুদিন পরেই যে কোনও কারণে উনি কলেজ ছেড়ে অন্যত্র চলে যান। তারপরে কলেজে অধ্যক্ষ হয়ে আসেন বিজয়কৃষ্ণ ঘোষ। তিনি এই কলেজের প্রাক্তন ছাত্র এবং স্থানীয় ব্যক্তি ছিলেন। তিনি খুবই দক্ষ প্রশাসক এবং অত্যন্ত ব্যক্তিত্বসম্পন্ন ছিলেন। উনি ইংরাজিতে Drafting, Resolution এবং চিঠিপত্র লেখাতে অত্যন্ত পারদর্শী ছিলেন। উনি কলেজে শিক্ষক, শিক্ষাকর্মী এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মানুবর্তিতা এনেছিলেন। ওনার সময় থেকেই কলেজের পড়াশোনা সমেত সার্বিক উন্নতি হতে থাকে। গত ০১/১২/২০২১ তারিখে তাঁর মৃত্যু হয়। বিজয়বাবুর অবসর গ্রহণের পর কলেজে অধ্যক্ষ হয়ে আসেন ড. অসীম কুমার দে। তাঁর আমলকে কলেজের গৌরবময় সময় বলা হয়। বলাবাহুল্য, অসীম আরামবাগ হাইস্কুলের আমার প্রাক্তন ছাত্র এবং চাঁপাডাঙ্গা কলেজের আমার প্রাক্তন সহকর্মী ছিলেন। উনি আমায় যথেষ্ট শ্রদ্ধা করেন এবং আমিও ওনাকে স্নেহ করি। উনি চাঁপাডাঙ্গা কলেজে

অধ্যাপনা করার সুবাদে ওই কলেজের দক্ষ অধ্যক্ষ প্রয়াত চণ্ডীদাস মুখার্জীর নিকট হতে প্রশাসনের বিষয়ে শিক্ষালাভ করেছিলেন। তার সাথে নিজস্ব বোধবুদ্ধি এবং দক্ষতা প্রয়োগ করে কলেজের সার্বিক উন্নতির ওপরে জোর দেন। উনি প্রশাসনে স্বচ্ছতা নিয়ে কাজ করতে থাকেন। ছাত্র ভর্তির ক্ষেত্রে, পরীক্ষা নেওয়ার ক্ষেত্রে, শিক্ষক-শিক্ষাকর্মী নিয়োগের ক্ষেত্রে এবং সর্বোপরি আর্থিক ক্ষেত্রে তিনি কলেজে স্বচ্ছতা আনেন। শিক্ষকদের সাথে আলোচনা করে পড়াশোনার উন্নতিতে জোর দেন। শিক্ষাকর্মীদের কাজের ক্ষেত্রে তিনি আধুনিক প্রযুক্তিতে জোর দেন। ছাত্রদের সমস্যাগুলি আলোচনা করে মিটিয়ে দিতেন - যার ফলে অন্যান্য কলেজের মতো এখানে ছাত্র বিক্ষোভ হয় না। তিনি কলেজ পরিচালনার ক্ষেত্রে গভর্নিং বডির সাথে সুসম্পর্ক রেখে কাজ করেন। তাঁর আমলেই কলেজের পরিকাঠামোর ক্ষেত্রে সার্বিক উন্নতি হয়। ওনার সাথে পশ্চিমবঙ্গ সরকারের প্রাক্তন শিক্ষামন্ত্রী সুদর্শন রায় চৌধুরীর সুসম্পর্ক থাকায়, সরকারের কাছ থেকে বিভিন্ন উন্নয়নমূলক কাজে টাকা আদায় করেন। UGC Grant পাওয়ার জন্য বিভিন্ন স্কিম তৈরি করে সময় মতো পাঠিয়ে অর্থ আদায় করে কলেজের পরিকাঠামোর প্রচুর উন্নয়ন করেন।

অসীম দে-র তৎপরতায় অধ্যক্ষ ও শিক্ষকদের পৃথক রুম, নতুন নতুন ক্লাসরুম, প্র্যাক্টিক্যাল রুম, প্রশাসনিক ভবন, গেস্টরুম, আধুনিক লাইব্রেরি, ছাত্র-ছাত্রীদের পৃথক হোস্টেল, খেলার মাঠ, কলেজের বাউন্ডারি, গেট নির্মিত হয়। আশাকরি কলেজে উনি থাকাকালীন আরও অনেক উন্নতি হবে। অধ্যক্ষ অসীম দে কলেজের পরিকাঠামো এমন পর্যায়ে এনেছেন যাতে একটা সময় নেতাজী কলেজকে একটি বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রস্তাব নেওয়া হয়। দুঃখের বিষয় যে, কোনও কারণে আরামবাগ নেতাজী মহাবিদ্যালয়কে বাদ দিয়ে তারকেশ্বরে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। বর্তমানে নেতাজী মহাবিদ্যালয়ে বাংলা বিভাগে এম. এ. পড়ানো হচ্ছে। তাছাড়া নেতাজী মহাবিদ্যালয়ে নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটি এবং ইন্দিরা গান্ধী জাতীয় ওপেন ইউনিভার্সিটির মাধ্যমে বিভিন্ন বিষয় পড়ানো হচ্ছে। ১লা আগষ্ট ২০২২ তারিখে নেতাজী কলেজের Platinum Jubillee Inaugural Ceremony (2022-23) অত্যন্ত জাঁকজমক সহকারে উদ্‌যাপন করা হয়। বহু বিশিষ্ট ব্যক্তি উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। আমিও অনুষ্ঠানে উপস্থিত ছিলাম। এক বৎসর ব্যাপী প্লাটিনাম জুবিলি উৎসব পালিত হবে। বলাবাহুল্য, ১লা আগষ্ট, ১৯৪৮ সালে নেতাজী মহাবিদ্যালয় স্থাপিত হয়।

# ভুলি কেমনে

প্রেমানন্দ চট্টোপাধ্যায়

নেতাজী মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাকাল ১৯৪৮ সাল। এখন বিস্মিত হই - এই মহাবিদ্যালয়ের প্রস্তুতিকালের কথা চিন্তা করে; কী কঠিন সময় ছিল সেটা! আরামবাগ মহকুমার স্বাধীনতা সংগ্রামের সূচনা কাল বিংশ শতাব্দীর তিনের দশক থেকে। তখন আরামবাগ মহকুমা ছিল সম্পূর্ণ যোগাযোগহীন। বন্যা বিধ্বস্ত - ম্যালেরিয়া রোগের প্রকোপে জরাজীর্ণ। আরামবাগের স্বাধীনতা সংগ্রামীরা কিন্তু থেমে থাকেননি। বিংশ শতাব্দীর চারের দশক শুরু হবার আগেই ১৯৩৯ সালে শুরু হল দ্বিতীয় বিশ্বযুদ্ধ - সুভাষচন্দ্র বসুর মহানিষ্ক্রমন। ১৯৪২ সালে কংগ্রেসের 'ভারত ছাড়ো' আন্দোলন। অখণ্ড বাংলায় প্রচণ্ড সাইক্লোন, যা বাংলার জন জীবনকে বিধ্বস্ত করে দিয়েছিল; ১৯৪৩ সালে ইংরেজ সৈন্যদের জন্য খাদ্য সংগ্রহের ফলে যে দুর্ভিক্ষ হয়েছিল তাতে গ্রাম বাংলার মানুষের কলকাতার মানুষদের দুয়ারে 'একটু ফ্যান দাও', 'একটু ফ্যান দাও' এই আর্তনাদ কলকাতার বাতাসকে ভারী করে তুলেছিল। তাদের মৃতদেহ পড়ে থাকতো কলকাতার পথে-ঘাটে। ভারতের বাইরে থেকে নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দ ফৌজের ইংরেজ রাজশক্তির উপর আক্রমণ, ১৯৪৬-৪৭-এর সাম্প্রদায়িক দাঙ্গা দেশ বিভাগ করে খণ্ডিত স্বাধীনতা লাভ। এইরকম এক সংকটকালে একদিকে আরামবাগ মহকুমায় স্বাধীনতা সংগ্রামে নেতৃত্বদান, অপরদিকে ভবিষ্যৎ প্রজন্ম যাতে আধুনিক শিক্ষার আলোয় শিক্ষিত হয়ে নেতাজীর স্বপ্নের ভারত গড়ে তুলতে পারে, সেই মহান সংকল্প নিয়ে নেতাজী সুভাষচন্দ্র বসুর স্নেহধন্য ডাক্তার রাধাকৃষ্ণ পাল সব্যসাচীর মতো -

''আত্মার অমৃত-অন্ন করিবারে দান
দূরবাসী অনাত্মীয় জনে,'' (রবীন্দ্রনাথ)

আরামবাগের কালিপুর গ্রামে তাঁর আদর্শপুরুষ নেতাজীর নামে গড়ে তুললেন 'নেতাজী মহাবিদ্যালয়'। নেতাজী মহাবিদ্যালয়ের এই 'প্লাটিনাম জয়ন্তী বর্ষে' তাঁকে এবং তাঁর সহযোগীদের জানাই সশ্রদ্ধ প্রণাম।

১৯৬২ সালে স্কুল ফাইনাল পাশ করে নেতাজী মহাবিদ্যালয়ে ইউনিভার্সিটি এন্ট্রান্স (U.E.) কোর্সে 'আর্টস বিভাগে' ভর্তি হলাম। তখন পর্যন্ত আরামবাগ মহকুমার কোনো কলেজেই কোনো বিষয়ে অনার্স পড়ার সুযোগ ছিল না। সে বছরই নেতাজী মহাবিদ্যালয় বাংলা ও অঙ্কে অনার্স পড়ানোর অনুমতি পেল বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে। তখন মহাবিদ্যালয়ের বয়স পনেরো বছর। স্বাধীনতার বয়স যোলো, আর আমার বয়স আঠারো। সমগ্র নেতাজী মহাবিদ্যালয় ঐক্যবদ্ধ শক্তিতে পরিণত হয়ে সেই চ্যালেঞ্জকে স্বাগত জানালো।

* প্রাক্তন ছাত্র

এখন থেকে ষাট বছর আগের সেই উৎসাহ-উদ্দীপনা এখনো আমার স্মৃতিপটে জ্বলজ্বল করে ভাসছে।

মোট ৪০ জন ছাত্র-ছাত্রী বাংলা অনার্স নিয়ে পড়ার জন্য ভর্তি হল। প্রথম নির্বাচনী পরীক্ষায় ১৬ জন, দ্বিতীয় নির্বাচনী পরীক্ষায় ৯ জন টিকলাম। সেই পরীক্ষায় প্রথম হবার সুবাদে আমার প্রতি সকলের দৃষ্টি আকর্ষিত হল। প্রসঙ্গত বলে রাখি সেবার U. E কমার্স থেকে আমাদের থেকে বয়সে বড়ো দুজন ছাত্র বাংলা অনার্স নিয়ে ভর্তি হয়েছিল - মুক্তারাম চট্টোপাধ্যায় আর সরোজ রায়। বয়সে বড়ো বলে দুজনকে দাদা বলে ডাকতাম। সরোজদা সেবার U. E কমার্স পরীক্ষায় স্ট্যান্ড করেছিল। স্কুল ফাইনাল পরীক্ষায় পাশ করার পর ইঞ্জিনিয়ারিং পড়তে গিয়েছিল চুঁচুড়ায়। দু'বছর পড়ার পর অর্থাভাবে সে পড়া ছেড়ে U. E কমার্সে ভর্তি হয়েছিল। আর মুক্তারামদা মাষ্টারি করতো। ডিগ্রি বাড়ানোর জন্য U. E কমার্সে ভর্তি হয়েছিল। শেষে অনার্স পড়ার লোভ সংবরণ করতে না পেরে চাকরি ছেড়ে আমাদের সঙ্গে যোগ দিল। তখন যাঁরা বাংলা বিভাগের অধ্যাপক ছিলেন, তাঁরা হলেন অধ্যাপক অম্বুজ বসু (বিভাগীয় প্রধান), অধ্যাপক রবীন আদক, অধ্যাপক রমাপ্রসাদ ঘোষ, অধ্যাপক নন্দলাল প্রামাণিক বেঙ্গাই কলেজ থেকে আসতেন আংশিক সময়ের অধ্যাপক হিসাবে। বাংলা বিষয় ছাড়া ইংরাজি ও দর্শন শাস্ত্র পড়ানো হত। ইংরাজি বিষয়ে অধ্যাপক ছিলেন অধ্যাপক সত্যব্রত ভট্টাচার্য ও অধ্যাপক রবীন্দ্রনাথ ঘোষ। দর্শন শাস্ত্র পড়াতেন অধ্যাপক সিতাংশু দত্ত ও অধ্যাপিকা অনিন্দিতা চট্টোপাধ্যায়। তিনিই ছিলেন একমাত্র অধ্যাপিকা।

আমাদের কোনো পূর্বসূরী ছিল না। আমাদের কারো অর্থনৈতিক অবস্থা ভালো ছিল না। এখনকার মতো প্রাইভেট টিউশন, কোচিং ক্লাস বা বাজার চলতি নোটবই ছিল না। আমাদের সম্বল বলতে টেক্সট বই, অধ্যাপকদের পড়ানোর সময় নেওয়া ক্লাসনোট আর কলেজ লাইব্রেরি থেকে পাওয়া রেফারেন্স বই। আমাদের নিজেদের মধ্যে খুব প্রতিদ্বন্দ্বিতা চলছিল। অধ্যাপক অম্বুজ বসু পরামর্শ দিলেন - আমরা যদি এক একটা গ্রুপ করে পরস্পরে আলোচনা করে পড়াশোনা করি, তাহলে আমরা ভালো রেজাল্ট করতে পারবো। আমি, সরোজদা আর মুক্তারামদা সেভাবেই পড়াশোনা শুরু করলাম। কলেজের বড় বড় ছুটিতে এক একজনের বাড়িতে মিলিত হয়ে পড়াশোনা করতাম। আমাদের পরীক্ষার ফল ভালোই হয়েছিল। আমরা চারজন ছাত্র - সরোজ রায়, মুক্তারাম চট্টোপাধ্যায়, শৈলেন চক্রবর্তী ও আমি ১৯৬৩-৬৬ শিক্ষাবর্ষে বাংলা অনার্সের প্রথম ব্যাচ হিসাবে উত্তীর্ণ হলাম। সরোজদা সেবার সেকেন্ড হয়েছিল। আমাদের তিনজনের রেজাল্টও ভালো হয়েছিল।

**নেতাজী মহাবিদ্যালয়ে আমার জীবনের দুটি স্মরণীয় ঘটনা ঃ**

প্রথমটি ১৯৬৩ সালে; সেবার নেতাজী মহাবিদ্যালয়ে স্বামী বিবেকানন্দের জন্ম শতবর্ষ অনুষ্ঠান খুব ভাব-গম্ভীর পরিবেশে অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানের সভাপতি - অধ্যাপক জনার্দন চক্রবর্তী (বর্ধমান

বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান), প্রধান অতিথি - স্বামী গৌরীশ্বরানন্দ (শ্রী শ্রী মায়ের মন্ত্রশিষ্য), বিশেষ অতিথি - ডঃ অজিত চক্রবর্তী (অধ্যাপক, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়), ডাঃ রাধাকৃষ্ণ পাল মহাশয় কর্মকর্তা হিসাবে উপস্থিত ছিলেন। সেই সভায় কলেজের ছাত্রদের মধ্যে থেকে প্রতিযোগিতার মধ্যে দিয়ে প্রথম হবার সুবাদে বক্তব্য রাখার সুযোগ পেলাম। আমার বক্তব্যের বিষয় ছিল - স্বামী বিবেকানন্দ ও নারী সমাজ। আমার বক্তব্য সম্মানীয় অতিথিদের দ্বারা প্রশংসিত হল। প্রবন্ধ প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পেলাম। প্রবন্ধের নাম 'ভারতাত্মা বিবেকানন্দ'। কবিতা প্রতিযোগিতাতেও অংশ নিয়েছিলাম, অন্য কোনও প্রতিযোগী না থাকায় পুরস্কার না পেলেও সেবছর 'উৎসর্গ' পত্রিকায় প্রবন্ধ ও কবিতাটি প্রকাশিত হয়েছিল।

দ্বিতীয় ঘটনা ১৯৬৫ সালে ভারত-পাকিস্তান যুদ্ধ। আন্তঃবিশ্ববিদ্যালয় বক্তৃতা প্রতিযোগিতা; বিষয় - জাতীয় সংহতি। আমি আর মুক্তারামদা কলেজের প্রতিনিধি হিসাবে গিয়েছিলাম। সেই সভায় সভানেত্রী ছিলেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্নেহধন্যা মৈত্রেয়ী দেবী। সেই প্রতিযোগিতায় প্রথম হয়েছিলাম। মৈত্রেয়ীদেবী আমার বক্তব্যে সন্তুষ্ট হয়ে তাঁর লেখা একটি বই ও তাঁর সম্পাদিত একটি পত্রিকা দিয়েছিলেন 'বিশেষ পুরস্কার' হিসাবে। তাঁর বাড়িতে যাবার কথা বলেছিলেন। ১৯৬৬ সালে অনার্স পরীক্ষা দেবার পর তাঁর পাম এভিন্যুয়ের বাড়িতে গিয়েছিলাম। সে এক বিরল অভিজ্ঞতা।

অনেক প্রতিবন্ধকতা পেরিয়ে সরোজদা আর আমি দুজনে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ১৯৬৬-৬৮ শিক্ষাবর্ষে এম. এ. পড়তে গেলাম। সরোজদা সেই পরীক্ষায় সেকেন্ড ক্লাস ফার্স্ট হল আর আমি হলাম চতুর্থ।

সরোজদা বেহালার একটা স্কুলে শিক্ষকতা করতো, থাকতো জোকায়। সেখানেই সে 'নটসেনা' নামে একটি নাট্যদল তৈরি করেছিল। মুক্তারামদা হাটবসন্তপুর স্কুলে শিক্ষকতা করতো। শৈলেনের বাড়ি ছিল বাজুয়া গ্রামে। সে নবগ্রাম উঃ মাঃ বিদ্যালয়ে প্রধান শিক্ষক হয়েছিল। সে ছিল আমার সমবয়সী। ওরা প্রয়াত। নেতাজী মহাবিদ্যালয়ের প্ল্যাটিনাম জয়ন্তী বর্ষে তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করি।

আমার ছাত্র জীবনে দুজন ব্যতিক্রমী ব্যক্তিত্বকে সহপাঠী হিসাবে পেয়েছিলাম। দুজনেই আমার থেকে বয়সে বড়। দুজনকেই দাদা বলে ডাকতাম। প্রতিভা কাকে বলে তাদের সংস্পর্শে এসে উপলব্ধি করতে পেরেছিলাম। প্রথমজন হল ছান্দ্রা হাইস্কুলের কার্তিক ঘোষ। যে স্কুল ফাইনাল পরীক্ষার গণ্ডী না পেরিয়েও বাংলার শিশু-সাহিত্যের জগৎকে আলোকিত করে আরামবাগকে গর্বিত করেছে। আর সরোজ রায় - ছাত্র জীবনেই 'আরামবাগ শিল্প ও সাহিত্য পরিষদের' প্রতিষ্ঠাতা সম্পাদক (১৯৬৪ সাল)। কবিতা, ছোটগল্প লেখায় সিদ্ধহস্ত। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি থাকা সত্ত্বেও অধ্যাপনা করার সুবর্ণ সুযোগকে উপেক্ষা করে নাটককেই জীবনের ধ্রুবতারা করে বাংলা নাট্যমঞ্চকে নবরাগে রঞ্জিত করে, ধূমকেতুর মতো বিলীন হয়ে গেল। কিন্তু তার 'গোরুর গাড়ির হেডলাইট' সেই দমফাটা হাসির নাটক কেউ ভুলতে পারবে কী? আমি জানি না নেতাজী

মহাবিদ্যালয় সরোজ রায়ের মতো বিরল প্রতিভার ছাত্র আগে বা পরে পেয়েছে কিনা!

একটা বাউল গানের কথা মনে পড়ে গেল -

"মনের মানুষ হয় যে জনা
নয়নে তার যায়গো চেনা"

আমরা যখন নেতাজী মহাবিদ্যালয়ে পড়তাম - তখন যেসব অধ্যাপক আমাদের পড়াতেন শুধু তাঁরাই নন, অন্যান্য বিভাগের যাঁরা অধ্যাপক ছিলেন তাঁরা, গ্রন্থাগারিক, করণিক ও শিক্ষাকর্মীদের সজাগ স্নেহ দৃষ্টি আমাদের ঘিরে আবর্তিত হত। এখনো তা অন্তর দিয়ে অনুভব করি। তাঁদের সেই ভালোবাসা আর আন্তরিকতা থেকে যাবে মনের মণিকোঠায়। নেতাজী মহাবিদ্যালয়ের প্ল্যাটিনাম জয়ন্তী বর্ষে তাঁদেরও জানাই সশ্রদ্ধ প্রণাম।